Life-Guide™

NORTH EAST LINCOLNSHIRE COUNCIL

www.nelincs.gov.uk

যুক্তরাজ্যে জীবনধারণের সহায়ক নির্দেশিকা

বিষয়সূচি

যুক্তরাজ্যে বসবাস করা
- এক-নজরে
- টেলিফোন কল করা
- মোবাইল ফোন
- খোলা থাকার সময়
- ব্যাঙ্ক/সরকারি ছুটির দিন
- মরশুম/আবহাওয়া
- কোথায় ডাকঘর পাওয়া যাবে
- অর্থ/ব্যাঙ্ক পরিষেবা
- টিভি'র লাইসেন্স
- জনসাধারণের ব্যবহার্য গ্রন্থাগার
- ব্রিটিশ সংস্কৃতি সম্পর্কিত সহায়ক সূত্র

বাসস্থান
- এক-নজরে
- আপনি কি যুক্তরাজ্যে বসবাস করতে পারবেন?
- বাসস্থানের ধরন
- অতিথিশালা অর্থাৎ গেস্টহাউস / বেড এণ্ড ব্রেকফাস্ট
- বেসরকারি বাড়ির মালিক
- আপনার নিয়োগকর্তার সঙ্গে বসবাস করা
- সামাজিক আবাসন
- সম্পত্তি ক্রয়
- গৃহহীনতা

যুক্তরাজ্যে কাজ করা
- এক-নজরে
- ন্যাশনাল ইন্সিওরেন্স নম্বর
- ওয়ার্কার রেজিস্ট্রেশন স্কীম
- ওয়ার্ক পারমিট এবং অ্যাকসেশন ওয়ার্কার কার্ড
- কাজ খুঁজে পাওয়া
- জবসেণ্টার প্লাস
- যোগ্যতা
- আপনার কাজ করার অধিকার
- মজুরি
- বিয়োজন
- স্বাস্থ্য এবং নিরাপত্তা
- শ্রমিক সংগঠনে যোগ দেওয়া
- যদি আপনি অসুস্থ হন অথবা দেরিতে পৌঁছোন
- অসুস্থ ব্যক্তির বেতন গ্রহণ
- হয়রানি

শিক্ষা
- এক-নজরে
- স্কুলবর্ষ
- স্কুল এবং কলেজ
- খরচ
- স্কুলে শিক্ষাগ্রহণ
- সমান সুযোগ
- স্কুলের বিধি
- স্কুলে সমস্যা
- উপস্থিতি
- পরীক্ষা
- 16 বছরের পরে
- স্কুলে থেকে যাওয়া
- স্কুল ছেড়ে যাওয়া
- উচ্চতর শিক্ষা
- উচ্চতর শিক্ষা

স্বাস্থ্য এবং সেবা
- এক-নজরে
- ডাক্তারের কাছে নাম তালিকাভুক্ত করা
- আপনার ডাক্তারের সার্জারিতে পূর্বনির্ধারিত সাক্ষাৎকারের জন্য সময় চাওয়া
- যখন ডাক্তারের সার্জারি বন্ধ হয়
- সংকটকালীন জরুরি সেবা
- NHS ডাইরেক্ট
- ঔষধালয় অর্থাৎ ফার্মেসী
- শিশু আছে এমন পরিবারের জন্য পরিষেবা
- দাঁতের ডাক্তার
- চোখের ডাক্তার
- টিকাকরণ
- যৌন স্বাস্থ্য
- ধূমপান

পরিবহণ
- এক-নজরে
- গাড়ি চালানোর লাইসেন্স / আন্তর্জাতিক লাইসেন্স
- MOT
- বিমা
- রোড ট্যাক্স
- রাস্তার আইন
- বাস পরিষেবা
- ট্রেন

বিষয়সূচি

- ট্যাক্সি

যুক্তরাজ্যের আইন
- ছুরি
- মাদকদ্রব্য
- মদ
- সাধারণ আচরণ বিধি
- অসামাজিক আচরণ বিধি
- ঘৃণা উদ্ভূত অপরাধ
- পারিবারিক নিপীড়ন
- যদি আপনার বিরুদ্ধে অপরাধের মামলা দায়ের করা হয়

ব্যক্তিগত নিরাপত্তা
- এক-নজরে
- অগ্নি নিরাপত্তা
- ক্রেডিট কার্ড
- পরিচয় চুরি
- মোবাইল ফোন
- গাড়ির নিরাপত্তা
- গৃহের নিরাপত্তা
- জরুরি নম্বর

যুক্তরাজ্যে বসবাস করা

এক-নজরে
আপনার প্রেক্ষাপটের উপর ভিত্তি করে যুক্তরাজ্য অর্থাৎ ইউ.কে'র জীবনযাত্রার সঙ্গে মানিয়ে নিতে আপনার কিছু সময় লাগতে পারে। নিচের অংশগুলিতে ইউ.কে'র জীবনযাত্রা সম্পর্কে আপনাকে প্রাথমিক তথ্য দেওয়া হয়েছে।

টেলিফোন কল করা
যদি আপনার বাসস্থানে টেলিফোনের পয়েণ্ট থাকে, তাহলে হয়ত আপনি ব্যক্তিগত ব্যবহারের জন্য একটি টেলিফোন সংযোগ নিতে চাইবেন। টেলিফোন পেতে হলে আপনাকে টেলিফোন কোম্পানিতে নাম তালিকাভুক্ত করতে হবে।

ইউ.কে'তে টেলিফোন কলের মাশুলের তারতম্য হয়। সবচেয়ে কম খরচে যে সময় টেলিফোন করা যায় তা হল সন্ধ্যার সময় (সন্ধ্যা 6:00টা থেকে সকাল 8:00টা) এবং সপ্তাহের শেষে ছুটির দিনগুলিতে, কিন্তু আন্তর্জাতিক কল এর খরচ রাত 8:00টা থেকে সকাল 8:00টার মধ্যে সবচেয়ে কম। আপনি আপনার টেলিফোন কোম্পানির সঙ্গে কল প্ল্যান সম্পর্কে আলোচনা করতে চাইতে পারেন কারণ এদের মধ্যে কেউ কেউ আন্তর্জাতিক কল এর জন্য আপনাকে বিশেষ সুবিধা দিতে পারে।

ইউ.কে'র সর্বত্র জনসাধারণের ব্যবহার্য অনেক পাবলিক পে-ফোন আছে এবং অধিকাংশ পে-ফোন এ সেগুলিকে কীভাবে ব্যবহার করতে হয় সে সম্পর্কে সুস্পষ্ট, দৃশ্যমান নির্দেশ দেওয়া আছে। ইউ.কে'র ভিতরে কল করার জন্য ন্যূনতম 40 পেন্স এবং আন্তর্জাতিক কল এর জন্য 1 পাউণ্ড খরচ হবে। পে-ফোন এ সাধারণত 10 পেন্স, 20 পেন্স, 50 পেন্স এবং 1 পাউণ্ডের মুদ্রা গ্রহণ করা হবে। একটি 'ফোন কার্ড' ব্যবহার করে কোনো কোনো পে-ফোন ব্যবহার করা যায়। আপনি এই ফোন কার্ড সেই সব সংবাদপত্র বিক্রেতা এবং ডাকঘরে কিনতে পাবেন যেখানে সবুজ রঙের 'ফোন কার্ড' এর প্রতীকটি প্রদর্শন করা হয়। কোনো কোনো পে-ফোন এ কল এর খরচ মেটানোর জন্য ক্রেডিট কার্ড অথবা ডেবিট কার্ডের ব্যবহারও গ্রহণযোগ্য।

মোবাইল ফোন
ইউ.কে'তে মোবাইল ফোন খুবই জনপ্রিয় এবং এগুলি সস্তায় কেনা যায়, কিন্তু এই ফোন ব্যবহারের খরচ বেশি হতে পারে। একটি মোবাইল ফোন কেনার সময় দুটি বিকল্পের মধ্যে থেকে বেছে নেওয়া যায়:
- পে-অ্যাজ্-ইউ-গো: একবার ফোনের জন্য অর্থ দেওয়া হয়ে গেলে আপনার কোনো চুক্তি অনুসরণের দায়বদ্ধতা থাকবে না এবং আপনি টক্-টাইম কিনতে পারবেন অথবা 'টপ-আপ' করতে পারবেন এবং যখন প্রয়োজন তখন ব্যবহার করতে পারবেন। এর ফলে আপনার পক্ষে বাজেট মেনে চলা সহজতর হবে এবং মাসে শেষে আপনার বিল এর আর্থিক পরিমাণ বেশি হবে না।
- চুক্তি: 12 মাস অথবা ততোধিক সময়ের জন্য চুক্তি হতে পারে। যদি আপনি চুক্তি পছন্দ করেন, তাহলে নিশ্চিতভাবে স্বাক্ষর করার আগে মাসিক বিলগুলি এবং কল চার্জ পরীক্ষা করে দেখবেন। এই বাধ্যতামূলক মাসিক চার্জ এর সঙ্গে আপনাকে বিনামূল্যে কিছু মিনিট এবং টেক্স্ট মেসেজ পাঠাতে দেওয়া হবে। মাসিক এই খরচের সীমা অতিক্রম করবেন না কারণ তাহলে আপনাকে অতিরিক্ত অর্থ দিতে হবে।

যদি আপনি মোবাইল ফোন থেকে বিদেশে টেলিফোন কল করতে চান, তাহলে আগে আপনার পরিষেবা প্রদানকারীর কাছে খোঁজ নিন যে আপনার সেই অনুমতি আছে কি না।

মনে রাখবেন গাড়ি চালানোর সময় আপনার মোবাইল ফোনে কথা বলা বেআইনি।

দামি মোবাইল ফোন চোরকে প্রলোভিত করে। যন্ত্রটিকে নিরাপদে রাখার জন্য ব্যক্তিগত নিরাপত্তা বিষয়ক অংশটি দেখুন।

খোলা থাকার সময়

ইউ.কে'তে ব্যাঙ্ক, ব্যবসা প্রতিষ্ঠান, ডাকঘর এবং দোকান সাধারণত নিম্নলিখিত সময়ে খোলা থাকে:
- সোমবার-শুক্রবার: সকাল 9:00টা থেকে বিকাল 5:30টা
- শনিবার: অধিকাংশ খুচরা বিক্রেতার দোকান সকাল 9:00টা থেকে বিকাল 5:30টা পর্যন্ত খোলা থাকে। তবে স্বল্পসংখ্যক ব্যাঙ্ক এবং ডাকঘর খোলা থাকবে। এগুলি সাধারণত শহরের কেন্দ্রস্থলে অবস্থিত হয় এবং দুপুর বেলায় বন্ধ হয়।
- রবিবার: ব্যাঙ্ক এবং ডাকঘর রবিবার খোলা থাকে না। কিন্তু শহরের কেন্দ্রস্থলে এবং শপিং সেণ্টারগুলিতে কিছু কিছু খুচরা বিক্রয়ের দোকান রবিবার সাধারণত সকাল 10:00টা থেকে বিকাল 4:00টা পর্যন্ত খোলা থাকে।

যদি আপনি গ্রামীণ এলাকায় বসবাস করেন, তাহলে হয়ত দেখবেন যে দোকানপাট ইত্যাদি খোলা থাকার সময় ভিন্ন।

ব্যাঙ্ক/সরকারি ছুটির দিন

ইংল্যাণ্ড এবং ওয়েলস্ এ 8টি সরকারি ছুটির দিন (স্কটল্যাণ্ড এ 9টি এবং উত্তর আয়ারল্যাণ্ড এ 10টি) যা 'ব্যাঙ্ক হলিডে' নামে পরিচিত এবং যে দিনগুলিতে অধিকাংশ ব্যবসা প্রতিষ্ঠান, ব্যাঙ্ক এবং দোকান বন্ধ থাকে। ব্যাঙ্কের ছুটির দিনগুলিতে সরকারি পরিবহণ ব্যবস্থা প্রায়শই কম থাকে। যদিও এই ব্যাঙ্কের ছুটির কতগুলি দিন প্রতি বছর ভিন্ন ভিন্ন হয়, চিরাচরিত প্রথা অনুসারে সেগুলি বছরের নিম্নলিখিত সময়ে হয়:

নববর্ষ	–	1লা জানুয়ারি
2রা জানুয়ারি	–	2রা জানুয়ারি (শুধু স্কটলযাণ্ড এ)
সেণ্ট প্যাট্রিকস্ দিবস	–	17ই মার্চ (শুধু উতত্র আয়ারল্যাণ্ড এ)
গুড ফ্রাইডে	–	মার্চ/এপ্রিল
ইস্টার মানডে	–	মার্চ/এপ্রিল (স্কটল্যাণ্ডে ব্যাঙ্কের ছুটি থাকে না)
আর্লি মে ব্যাঙ্ক হলিডে	–	মে মাসের প্রথম সোমবার
বসন্তকালীন ব্যাঙ্কের ছুটির দিন	–	মে মাসের শেষ সোমবার
ব্যাটল অব দ্য বয়েন্	–	12ই জুলাই (শুধু উত্তর আয়ারল্যাণ্ড এ)
গ্রীষ্মকালীন ব্যাঙ্কের ছুটির দিন	–	অগস্ট মাসের শেষ সোমবার (স্কটল্যাণ্ড: অগস্ট মাসের প্রথম সোমবার)
সেণ্ট অ্যানড্রুজ্ ডে	–	30শে নভেম্বর (শুধু স্কটল্যাণ্ড এ)
ক্রিসমাস দিবস	–	25শে ডিসেম্বর
বক্সিং ডে	–	26শে ডিসেম্বর

আপনার স্থানীয় ডাকঘর থেকে আপনি ব্যাঙ্ক ছুটির নির্দিষ্ট তারিখগুলি জেনে নিতে পারবেন।

মরশুম/আবহাওয়া

যুক্তরাজ্যের আবহাওয়া প্রায়ই অনিশ্চিত থাকে; এই কারণে এটি কথোপকথনের একটি দারুণ বিষয়! সাধারণত, যুক্তরাজ্যের আবহাওয়া চারটি সুস্পষ্ট মরশুমি পরিবর্তন অনুসরণ করে। সারা বছরে যে মরশুমি বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়, তার ইঙ্গিত নিচে দেওয়া হল।

মরশুম	বছরের সময়	বৈশিষ্ট্য
বসন্ত	মার্চ, এপ্রিল, মে	তাপমাত্রা ক্রমশ বাড়ে, সূর্যের আলোর চিহ্ন দেখা যায় এবং দিনগুলি আরও মনোরম হয়ে উঠতে থাকে।
গ্রীষ্ম	জুন, জুলাই, অগস্ট	এটি বছরের সবচেয়ে উষ্ণ সময় এবং এই সময়ে যুক্তরাজ্যে দিনের আলো বেশিক্ষণ স্থায়ী হয়।*
হেমন্ত	সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর	ক্রান্তিকালীন সময় যখন তাপমাত্রা ক্রমশ কমতে থাকে এবং প্রায়ই বৃষ্টি হয়।
শীত	ডিসেম্বর, জানুয়ারি, ফেব্রুয়ারি	তাপমাত্রা বেশ কমে যায়, তুষারপাত হয় অথবা বরফ পড়ে এবং দিন ছোট হয়ে আসতে থাকে।*

*যুক্তরাজ্যে 'ডে-লাইট সেভিং টাইম' অনুসরণ করা হয়। মার্চ মাসের শেষ রবিবার আমরা আমাদের ঘড়ি এক ঘণ্টা এগিয়ে নিই। অক্টোবরের শেষ রবিবার আবার আমরা ঘড়ির কাঁটা এক ঘণ্টা পিছিয়ে দিই।

কোথায় ডাকঘর পাওয়া যাবে

যুক্তরাজ্য অর্থাৎ ইউ.কে'তে 10,000 এরও বেশি শাখা ডাকঘর আছে। আপনার নিকটতম দোকানপাটের এলাকায় একটি ডাকঘর পাওয়ার সম্ভাবনা বেশি। ডাকঘরগুলি বিভিন্ন ধরনের পরিষেবা দেয়:
- চিঠিপত্র এবং পার্সেল পৌঁছে দেওয়া
- ডাকটিকিট এবং অন্যান্য ডাক-সামগ্রী বিক্রি
- মুদ্রা বিনিময়
- ভ্রমণ বিমা
- বিলের অর্থপ্রদান ব্যবস্থা
- বিদেশে সরাসরি বন্ধুবান্ধব/আত্মীয়স্বজনের কাছে অর্থ প্রেরণ

ডাকঘর সাধারণত সোমবার থেকে শুক্রবার, সকাল 9:00টা থেকে বিকাল 5:30টা পর্যন্ত খোলা থাকে।

অর্থ/ব্যাঙ্ক পরিষেবা

মুদ্রা

যুক্তরাজ্যের মুদ্রা হল পাউণ্ড স্টার্লিং (£)। 100 পেন্স (p) এ এক পাউণ্ড হয়।

ব্যাঙ্ক/বিল্ডিং সোসাইটি

আপনি যুক্তরাজ্য অর্থাৎ ইউ.কে'তে কাজ করতে এলে প্রথমেই যে কাজগুলি করবেন তার মধ্যে একটি হল কোনো ব্যাঙ্ক অথবা বিল্ডিং সোসাইটি'তে অ্যাকাউণ্ট খোলা। অধিক জনবহুল এলাকা, যেমন ছোট অথবা বড় শহরে আপনি অনেক ব্যাঙ্ক এবং বিল্ডিং সোসাইটি পাবেন। সঠিক ব্যাঙ্ক অথবা বিল্ডিং সোসাইটি'কে নির্বাচন করা কঠিন। কোথায় কী ধরনের অ্যাকাউণ্ট এর ব্যবস্থা আছে তা জানার জন্য কয়েকটিতে ব্যক্তিগতভাবে যাওয়া গুরুত্বপূর্ণ যাতে আপনার নিজস্ব নির্দিষ্ট প্রয়োজনের উপযুক্ত একটি সংস্থা আপনি নির্বাচন করতে পারেন। তারা কী ধরনের পরিষেবা দেয় এবং কী পরিমাণে সুদ দেয় অথবা কেটে নেয় তা বিবেচনা করুন।

ব্যাঙ্ক অ্যাকাউণ্ট

ব্যাঙ্ক অথবা বিল্ডিং সোসাইটি'তে অ্যাকাউণ্ট খোলার জন্য যুক্তরাজ্যে আপনার ঠিকানার প্রমাণস্বরূপ গ্যাস অথবা ইলেকট্রিসিটি বিল এর ফর্ম এবং পরিচয়পত্র যেমন পাসপোর্ট, গাড়ি চালকের লাইসেন্স অথবা নিজস্ব পরিচয়পত্র প্রয়োজন। কোনো কোনো স্থানে কর্মনিযুক্তির প্রমাণ দেখানোর জন্যও অনুরোধ করা হতে পারে।

ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা একটি দীর্ঘ প্রক্রিয়া হতে পারে তবে অধিকাংশ স্থানে একটি সাধারণ ব্যাঙ্ক অ্যাকাউন্ট এর ব্যবস্থা থাকে যাতে আপনার বেতন এবং অন্যান্য অর্থ ওই অ্যাকাউন্ট এর মাধ্যমে প্রদান করা যায়।

আপনি ব্যাঙ্ক অথবা বিল্ডিং সোসাইটির অ্যাকাউন্ট খোলার আগে একজন পরামর্শদাতার সঙ্গে সাক্ষাৎকারের ব্যবস্থা করতে হতে পারে। তাঁরা আপনাকে বলতে পারবেন আপনার অনুরোধটির প্রক্রিয়াকরণের জন্য কোন্ তথ্য এবং নথিপত্র প্রয়োজন হবে।

চেকবই

আপনার অ্যাকাউন্ট খোলা হয়ে গেলে আপনাকে একটি চেকবই এবং চেক গ্যারাণ্টি কার্ড দেওয়া হতে পারে। আপনি এগুলি আপনার বিল মেটাতে ব্যবহার করতে পারেন। আপনি যে ব্যক্তির নামে চেক লিখবেন তিনি চেকটি তাঁর অ্যাকাউন্ট এ জমা দেবেন এবং কয়েক দিন পরে আপনার অ্যাকাউন্ট থেকে অর্থ সরিয়ে নিয়ে তাঁদের অ্যাকাউন্ট এ স্থানান্তর করা হবে। যদি চেক লেখার সঠিক পদ্ধতি সম্পর্কে নিশ্চিত না হন, তাহলে আপনার ব্যাঙ্ক অথবা বিল্ডিং সোসাইটি'কে জিজ্ঞাসা করুন, তাঁরা আপনাকে সাহায্য করতে পারলে খুশি হবেন।

দোকানপাটে চেকবই ব্যবহার করতে হলে আপনাকে চেক গ্যারাণ্টি কার্ড দেখাতে হবে। এটি অভিপ্রায়পত্র অর্থাৎ স্টেটমেণ্ট অব ইনটেণ্ট হিসেবে কাজ করে যার ফলে ব্যাঙ্ক কার্ডে যে পরিমাণ অর্থ উল্লেখ করা আছে সেই আর্থিক পরিমাণ পর্যন্ত লেনদেন অনুমোদন করবে।

প্লাস্টিক কার্ড

যখন আপনি ব্যাঙ্কের সঙ্গে বিশ্বাসযোগ্য সম্পর্ক স্থাপনে সমর্থ হবেন, তখন আপনার ব্যাঙ্ক অথবা বিল্ডিং সোসাইটি আপনাকে অন্য ধরনের প্লাস্টিক কার্ড এর সুবিধা দিতে পারে:

- **ক্যাশ কার্ড**: একটি ব্যক্তিগত পরিচয় নম্বর (PIN নম্বর) ব্যবহার করে আপনাকে ক্যাশ মেশিন থেকে নগদ অর্থ তুলতে দেয়।
- **ডেবিট কার্ড**: আপনি চেক না লিখে অথবা সঙ্গে নগদ অর্থ না রেখেই জিনিসপত্র কেনাকাটা করতে পারেন। এই কার্ডে আপনি যে অর্থ খরচ করবেন, তা সাধারণত সরাসরি আপনার অ্যাকাউন্ট থেকে তুলে নেওয়া হয়। আপনাকে এই কার্ডের পিন নম্বরটি মনে রাখতে হবে কারণ চেক-আউট এর সময় আপনাকে এই নম্বরটি লিখতে হবে।
- **ক্রেডিট কার্ড**: আপনি দোকান এবং অন্যান্য সরবরাহকারীদের কাছ থেকে জিনিসপত্র এবং পরিষেবা ক্রয় করতে পারেন যার মধ্যে আছে টেলিফোন এবং ইণ্টারনেট এর মাধ্যমে কেনা। যে অর্থ আপনি ব্যয় করেন তা সরাসরি আপনার অ্যাকাউন্ট থেকে আসে না। আপনাকে পরে একটি বিল পাঠানো হয়। আপনাকে এই কার্ডের পিন নম্বরটি মনে রাখতে হবে কারণ চেক-আউট এর সময় আপনাকে অর্থ রাখার দেরাজে এই নম্বরটি লিখতে হবে।

আপনার ব্যাঙ্ক অথবা বিল্ডিং সোসাইটি'র কাছ থেকে ক্রেডিট অথবা ডেবিট কার্ড গ্রহণ করার আগে আপনি সেগুলির অপব্যবহারের কথা গুরুত্ব দিয়ে বিবেচনা করবেন। আপনার কার্ডগুলি নিরাপদে রাখার বিষয়ে ব্যক্তিগত নিরাপত্তার অংশটিতে পরামর্শ দেওয়া হয়েছে।

ডাইরেক্ট ডেবিট

ডাইরেক্ট ডেবিট এমন কোনো কোম্পানিকে নিয়মিত অর্থপ্রদানের একটি পদ্ধতি যারা আপনাকে ধারাবাহিক পরিষেবা দেয়, যেমন টেলিফোন, গ্যাস এবং বিদ্যুৎ। ডাইরেক্ট ডেবিট ফর্ম ভর্তি করে সেটি আপনার ব্যাঙ্কে জমা দেওয়ার মাধ্যমে আপনি অন্য কাউকে আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে অর্থ দাবি করার অনুমতি দিচ্ছেন।

টিভি'র লাইসেন্স

যদি আপনি একটি টেলিভিশন সেট এর মালিক হন, সেটি কেনেন অথবা ভাড়া নেন, তাহলে আইনানুসারে আপনাকে টিভি'র লাইসেন্স নিতে হবে। আপনি www.tvlicensing.co.uk ওয়েবসাইট এ অনলাইন এ অথবা যুক্তরাজ্যের বিভিন্ন স্থানে 16,000টি পে-পয়েণ্ট বিপণির কোনোটি থেকে টিভি'র লাইসেন্স কিনতে পারেন অথবা তার পুনর্নবীকরণ করতে পারেন। আপনি সংবাদপত্র বিক্রেতা, কনভিনিয়েন্স স্টোর, সুপারমার্কেট অথবা পেট্রোল পাম্প এ পে-পয়েণ্ট বিপণি পাবেন।

যদি টেলিভিশন সেট ব্যবহার করেন, তাহলে টিভি'র লাইসেন্স না থাকা বেআইনি। যদি আপনার টিভি'র লাইসেন্স না থাকে, তাহলে আপনার বিরুদ্ধে মামলা করা হতে পারে এবং 1000 পাউণ্ড পর্যন্ত জরিমানা হতে পারে।

জনসাধারণের ব্যবহার্য গ্রন্থাগার

যুক্তরাজ্যের অধিকাংশ ছোট এবং বড় শহরে আপনি জনসাধারণের ব্যবহার্য গ্রন্থাগার পাবেন। এগুলিতে বিভিন্ন ধরনের পরিষেবা পাওয়া যায় যা আপনি কার্যকরী বলে মনে করতে পারেন। একটি গ্রন্থাগারে আপনি:

- বই, ফিল্ম, সঙ্গীতের সি.ডি. এবং অডিও সি.ডি ধার নিতে পারেন
- বৃত্তি সম্পর্কিত পরামর্শ পেতে পারেন
- আপনার স্থানীয় এলাকা সম্পর্কে তথ্য পেতে পারেন
- অতীতের এবং বর্তমানের সংবাদপত্র পড়তে পারেন
- বিনামূল্যে ইণ্টারনেট ব্যবহার করতে পারেন
- আপনার আগ্রহ আছে এমন সাপ্তাহিক সামাজিক গ্রুপ এ উপস্থিত থাকতে পারেন

একটি লাইব্রেরি কার্ড পেতে হলে আপনাকে স্থানীয় গ্রন্থাগারে গিয়ে নাম তালিকাভুক্ত করতে হবে যাতে আপনি তাদের পরিষেবা ব্যবহার করতে পারেন।

যুক্তরাজ্যে বসবাস করা – ব্রিটিশ সংস্কৃতি সম্পর্কিত সহায়ক সূত্র

বিশ্বাস / ধর্ম - যুক্তরাজ্যে ইউরোপের মধ্যে বিভিন্ন ধর্মাবলম্বীদের উপস্থিতি সবচেয়ে বেশি এবং ধর্মীয় বিশ্বাসের অধিকার আছে। বিভিন্ন গোষ্ঠী এবং ব্যক্তির কোনোরকম বাধা ছাড়াই তাঁদের ধর্মবিশ্বাস মেনে চলার স্বাধীনতা আছে এবং উন্মুক্তভাবে ধর্মবিশ্বাস পালনের অধিকার আছে।

যুক্তরাজ্যে আপনার বিশ্বাস অথবা ধর্মের কারণে আপনার সঙ্গে বৈষম্যমূলক আচরণ করা বেআইনি। যদি কেউ এমন আচরণ করেন, তাহলে আপনি অবশ্যই সেই ঘটনা সম্পর্কে জানাবেন।

বৈষম্য - বর্ণ, জাতি, জাতিগোষ্ঠী অথবা রাষ্ট্রীয় উৎপত্তি, বয়স, লিঙ্গ, যৌনতা অথবা যৌন অভিমুখীনতা ইত্যাদি কারণে কোনো ব্যক্তির সঙ্গে বৈষম্যমূলক আচরণ করা বেআইনি। যদি এই ধরনের কোনো কারণে আপনার সঙ্গে বৈষম্যমূলক আচরণ করা হয়, তাহলে আপনি অবশ্যই সে বিষয়ে জানাবেন।

যদি আপনি কারো সঙ্গে বৈষম্যমূলক আচরণ করেন, তাহলে আপনার বিরুদ্ধে মামলা দায়ের করা হতে পারে।

ধূমপান - যুক্তরাজ্যে সব চারদিক-ঘেরা সরকারি স্থানে ধূমপান নিষিদ্ধ যেমন, পাব, রেস্টুরেণ্ট, নাইটক্লাব, দোকান, অফিস, সরকারি ভবন, কারখানা, নিজস্ব সদস্য আছে এমন ক্লাব, সিনেমা হল এবং সরকারি পরিবহণ।

বহিরঙ্গনে, গৃহে অথবা জেলখানা, সেবাসদন এবং হোটেল এ ধূমপায়ীদের জন্য নির্দিষ্ট ঘরে আপনি ধূমপান করতে পারেন। নির্দিষ্ট কিছু বহিরঙ্গন অবস্থানে যেমন ক্রীড়াপ্রাঙ্গণ এবং রেলের প্ল্যাটফর্ম এ ধূমপান নিষিদ্ধ করা হতে পারে।

আপনি কোনো একটি স্থানে ধূমপান করতে পারেন কি না যদি সে বিষয়ে অনিশ্চিত হন, তাহলে সিগারেট জ্বালানোর আগে প্রতীক চিহ্নগুলির খোঁজ করুন অথবা কাউকে জিজ্ঞাসা করুন।

যদি ধূমপান নিষিদ্ধ এমন কোনো স্থানে ধূমপান করতে গিয়ে আপনি ধরা পড়েন, তাহলে আপনার 50 পাউণ্ড জরিমানা হতে পারে।

মদ - যুক্তরাজ্যে সর্বসাধারণের ব্যবহার্য কোনো কোনো এলাকায় মদ্যপান করা বেআইনি। যদি মদ্যপানের অনুমতি নেই এমন কোনো সরকারি স্থানে মদ্যপান করতে গিয়ে আপনি ধরা পড়েন, তাহলে আপনার পানীয় বাজেয়াপ্ত করা হবে। অতিরিক্ত মদ্যপান সরকারি বিধি লঙ্ঘন হিসেবে গণ্য হতে পারে এবং এর ফলে আপনাকে গ্রেপ্তার করা হতে পারে এবং আপনার বিরুদ্ধে মামলা করা হতে পারে।

মনে রাখবেন যে মদ অথবা মাদকদ্রব্যের নেশায় আচ্ছন্ন থেকে গাড়ি চালানো বেআইনি।

সরকারি স্থানে থুথু ফেলা - যদিও সর্বসাধারণের ব্যবহার্য এলাকায় থুথু ইত্যাদি ফেলা বেআইনি নয়, অনেকেই এই অভ্যাসটিকে অশোভন মনে করবেন। যদি আপনার হাঁচি পায় অথবা নাক ঝাড়ার প্রয়োজন হয়, তাহলে টিস্যু অথবা রুমাল ব্যবহার করুন যাতে আপনি অপরাধী না হন।

সাক্ষাৎকার - সভা এবং সাক্ষাৎকারের জন্য সঠিক সময়ে উপস্থিত হওয়া গুরুত্বপূর্ণ। হাসপাতাল এবং ডাক্তারের সার্জারি'র মত স্থানে 10 মিনিট আগে পৌঁছোনোর পরামর্শ দেওয়া হয়। এর ফলে কম সময় অপেক্ষা করতে হয়। যদি আপনার মনে হয় যে সভা অথবা সাক্ষাৎকারের জন্য পৌঁছোতে আপনার দেরি হতে পারে অথবা আপনি উপস্থিত হতে সমর্থ হবেন না, তাহলে আপনি অবশ্যই পূর্বে জানাবেন।

আগন্তুক বন্ধুবান্ধব - যদি কারো গৃহে আপনার ভোজনের নিমন্ত্রণ থাকে, তাহলে আপনি একটি সামান্য উপহার নিয়ে যেতে চাইতে পারেন (যেমন ফুল, চকোলেট অথবা এক বোতল মদ) অথবা আপনি পুনরায় সেই পরিবারকে আপনার গৃহে নিমন্ত্রণ করতে পারেন। যুক্তরাজ্যের বন্ধুরা আপনার নিজের দেশ সম্পর্কে শুনতে আগ্রহী হবেন, তাই আপনি বন্ধুবান্ধব অথবা অতিথিদের দেখানোর জন্য কিছু ছবি অথবা ছোটখাট সামগ্রী আনতে পারেন।

সম্ভাষণ জানানো - যুক্তরাজ্যে কোনো কিছু চাওয়ার সময় 'অনুগ্রহ করে' ('please') এবং কোনো কিছু পাওয়ার পরে অথবা যদি কেউ আপনাকে দয়া প্রদর্শন করেন তাহলে তাঁকে 'ধন্যবাদ' ('thank you') বলা ভদ্রতা। যদি আপনি চেনেন এমন কারো সঙ্গে দেখা হয় তাহলে 'হ্যালো' ('hello') বলুন অথবা যদি আরও আনুষ্ঠানিকভাবে সম্ভাষণ জানাতে চান, তাহলে হাত ধরে ঝাঁকাতে পারেন। যুক্তরাজ্যে এটা করতে আপনি নিজের ডান হাত ব্যবহার করবেন।

প্রতীক্ষারতদের সারি - বাসে ওঠার সময়, সুপারমার্কেট থেকে দাম মিটিয়ে বেরোনোর সময় এবং অন্যান্য জনসাধারণের ব্যবহার্য এলাকায় প্রতীক্ষারত ব্যক্তিদের সারি (অথবা লাইন) এ দাঁড়ান। যদি এটা না করেন তাহলে অন্যেরা আপনার উপর বিরক্ত হতে পারেন এবং আপনাকে অসভ্য বলে মনে করতে পারেন।

সামাজিক ক্রিয়াকলাপ - যদি আপনি সামাজিক ক্রিয়াকলাপে অংশ নেন, তাহলে বন্ধু পাওয়া সহজতর হতে পারে। কী ধরনের সামাজিক ক্রিয়াকলাপের ব্যবস্থা করা হয় তা জানতে আপনি স্থানীয় কমিউনিটি সেণ্টার এ যেতে পারেন। পাবলিক হাউস (পাব) এ যাওয়া যুক্তরাজ্যের অধিবাসীদের কাছে একটি সাধারণ সামাজিক ক্রিয়াকলাপ। পাব এ মদ ছাড়াও অন্যান্য পানীয় পাওয়া যায় এবং সেখানে প্রায়ই বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয় যাতে আপনি যুক্ত হতে পারেন।

মনে রাখবেন, যদি আপনাকে আমন্ত্রণ জানানো হয়েছে এমন কোনো কিছুতে অংশগ্রহণ করতে আপনি অস্বস্তি বোধ করেন, তাহলে না বলে দিন, এর জন্য আপনার কোনো অপরাধ হবে না।

বাসস্থান

এক-নজরে
যুক্তরাজ্য অর্থাৎ ইউ.কে'তে বসবাস করতে আসার পরে আপনার একটি প্রাথমিক উদ্বেগের বিষয় হবে কোথায় বসবাস করবেন। যদি আপনার নিয়োগকর্তা বাসস্থানের ব্যবস্থা না করেন, তাহলে এখানে যে তথ্য দেওয়া হল তা সঠিক দিকনির্দেশ করতে পারে।

আপনি কি যুক্তরাজ্যে বসবাস করতে পারবেন?
যুক্তরাজ্যে বসবাস করার অনুমোদন আপনার নাও থাকতে পারে, তাই আপনার উচিত নিজের অভিবাসন অর্থাৎ ইমিগ্রেশন সংক্রান্ত অবস্থান যাচাই করে দেখা। যদি আপনি বর্তমানে যুক্তরাজ্যে না থাকেন, তাহলে আপনি নিকটতম ব্রিটিশ কূটনৈতিক পদাধিকারীর সঙ্গে যোগাযোগ করবেন। যুক্তরাজ্যে বসবাস এবং আবাসন সম্পর্কিত বিষয়ে আপনাকে বিস্তারিত পরামর্শ দেওয়া হবে।

বাসস্থানের ধরন
যুক্তরাজ্যে আবাসনের খোঁজ করার সময় আপনার সামনে অনেকগুলি বিকল্প থাকবে, তবে এর কতগুলি খরচসাপেক্ষ হতে পারে। বাস্তবে কতটা খরচ করা আপনার সাধ্যের মধ্যে তা যত্নসহকারে বিবেচনা করার কথা মনে রাখবেন।

অতিথিশালা অর্থাৎ গেস্টহাউস / বেড এণ্ড ব্রেকফাস্ট
এগুলি প্রায়শই খরচসাপেক্ষ হয় এবং স্বল্প সময় থাকার জন্য আদর্শ ব্যবস্থা হতে পারে।

বেসরকারি বাড়ির মালিক
কী ধরনের সম্পত্তি পাওয়া যেতে পারে তার তালিকার জন্য নিম্নলিখিত সূত্রগুলি দেখুন:
- স্থানীয় সংবাদপত্র
- কমিউনিটি সেণ্টার এর নোটিশ বোর্ড
- স্থানীয় দোকানপাট
- ডাকঘর
- বাড়ি ভাড়া দেয় এমন এজেণ্ট

বেসরকারি বাড়ির মালিকেরা আপনার পরিচয় ইত্যাদি সম্পর্কে মন্তব্য করতে ইচ্ছুক ব্যক্তির যোগাযোগের তথ্য, অর্থ জমা এবং এক মাসের অগ্রিম ভাড়া চাইতে পারেন।

আপনার নিয়োগকর্তার সঙ্গে বসবাস করা
কোনো কোনো নিয়োগকর্তা আপনাকে বাসস্থান দিয়ে সাহায্য করতে পারেন, কিন্তু ভবিষ্যতে বাড়িভাড়া সংক্রান্ত চুক্তির শর্তগুলি জেনে নেওয়া গুরুত্বপূর্ণ। যদি আপনি চুক্তির শর্ত মেনে না চলেন, তাহলে আপনাকে গৃহ হারাতে হতে পারে।

সামাজিক আবাসন

যদি খোলাবাজারে বাড়ি ভাড়া নেওয়া অথবা কেনা আপনার সাধ্যের বাইরে হয়, তাহলে আপনি নিবন্ধীকৃত সামাজিক বাড়ির মালিক অর্থাৎ রেজিস্টার্ড সোশ্যাল ল্যাণ্ডলর্ড প্রদত্ত সামাজিক আবাসন পাওয়ার যোগ্য হতে পারেন। এর জন্য আবেদন করার আগে আপনি অবশ্যই আপনার অভিবাসন সংক্রান্ত অবস্থান জেনে নেবেন কারণ আপনি এই সুবিধা পাওয়ার যোগ্য নাও হতে পারেন।

সম্পত্তি ক্রয়

আপনার সম্পত্তি ক্রয় করার পরিকল্পনা সম্পর্কে ব্যাঙ্ক অথবা বিল্ডিং সোসাইটির সঙ্গে আলোচনা করে নিলে ভালো হয়। তাঁরা আপনাকে জানাতে পারবেন যে কী পরিমাণে অর্থ আপনি ঋণ হিসেবে পেতে পারেন (মর্টগেজ) এবং কীভাবে সেই অর্থ ফেরত দিতে পারবেন।

গৃহহীনতা

যদি আপনার আবাসন সংক্রান্ত সমস্যা থাকে, তাহলে যত শীঘ্র সম্ভব আপনার স্থানীয় কাউন্সিলকে সে বিষয়ে জানানো গুরুত্বপূর্ণ। তাঁরা আপনাকে গৃহহীন হওয়া থেকে সুরক্ষিত রাখতে অঙ্গীকারবদ্ধ এবং আপনাকে সাহায্য করার জন্য যথাসাধ্য চেষ্টা করবেন। আপনি যত শীঘ্র এই সমস্যাটি নিয়ে আলোচনা করবেন তত সহজে এবং দ্রুত সমস্যার সমাধান করা যাবে কারণ অধিকাংশ ক্ষেত্রে গৃহহীনতা নিবারণযোগ্য।

সাহায্য চাওয়ার জন্য যতক্ষণ না গৃহহীন হচ্ছেন ততক্ষণ পর্যন্ত অপেক্ষা করবেন না।

আপনার স্থানীয় কাউন্সিলের আবাসন পরিষেবা ইউনিট আবাসন সংক্রান্ত সমস্যা সম্পর্কে আপনাকে পরামর্শ এবং সহায়তা দিতে পারবে।

যুক্তরাজ্যে কাজ করা

এক-নজরে
নিচের অংশগুলিতে যুক্তরাজ্যে কাজ করা সম্পর্কে আপনাকে প্রাথমিক তথ্য দেওয়া হয়েছে।

ন্যাশনাল ইন্সিওরেন্স নম্বর
যুক্তরাজ্য অর্থাৎ ইউ.কে’তে কাজ করতে ইচ্ছুক এমন সকলকেই ন্যাশনাল ইন্সিওরেন্স (NI) নম্বরের জন্য আবেদন করতে হবে। বিদেশী নাগরিকেরাও এর অন্তর্ভুক্ত। আবেদন করার জন্য আপনি অথবা আপনার নিয়োগকর্তা আপনার এলাকার জবসেণ্টার প্লাস অফিস এ টেলিফোন করতে পারেন যাঁরা আপনার সম্পর্কে বিস্তারিত তথ্য চাইবেন এবং সাক্ষাৎকারের জন্য একটি সুবিধাজনক সময়ের ব্যবস্থা করবেন।

ওয়ার্কার রেজিস্ট্রেশন স্কীম
কাজ শুরু করার প্রথম মাসের মধ্যেই আপনাকে ওয়ার্কার রেজিস্ট্রেশন স্কীম’ এ নাম তালিকভুক্ত করাতে হবে যদি আপনি নিম্নলিখিত দেশের নাগরিক হন: চেক প্রজাতন্ত্র, এস্টোনিয়া, হাঙ্গেরি, ল্যাটভিয়া, লিথুয়েনিয়া, পোল্যাণ্ড, স্লোভাকিয়া এবং স্লোভেনিয়া। আপনার নাম, ঠিকানা, জন্ম তারিখ এবং কর্মনিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্য দিতে হবে।

যুক্তরাজ্যে কাজ করা বেআইনি হবে যদি আপনি প্রথম মাস নাম তালিকাভুক্ত না করান।

ওয়ার্ক পারমিট এবং অ্যাকসেশন ওয়ার্কার কার্ড
যদি আপনি বুলগেরিয়া অথবা রোমানিয়ার নাগরিক হন এবং যুক্তরাজ্যে কাজ করতে চান, তাহলে আপনি যে কোম্পানির হয়ে কাজ করতে চান সেই কোম্পানিকে ওয়ার্ক পারমিট এর জন্য আবেদন করতে হবে যদি তাঁরা আপনাকে নিয়োগ করতে চান। যুক্তরাজ্যের নিয়োগকর্তা অনুমোদনপত্র পাওয়ার পরে আপনি অবশ্যই অ্যাকসেশন ওয়ার্কার কার্ড এর জন্য একটি আবেদন সম্পূর্ণ করবেন। এই কার্ড আসার সঙ্গে সঙ্গেই আপনি যুক্তরাজ্যে আপনার নিয়োগকর্তার হয়ে কাজ শুরু করতে পারেন।

যদি কাজ অথবা চাকরি পরিবর্তন করতে চান, তাহলে আপনাকে একটি নতুন অ্যাকসেশন ওয়ার্কার কার্ড এর জন্য আবেদন করতে হবে কারণ এই কার্ডটি একটি নির্দিষ্ট কাজের জন্যই দেওয়া হয়। 12 মাস ধারাবাহিকভাবে কাজে নিযুক্ত থাকার পরে আপনি ইউরোপিয়ান ইউনিয়নের (EU) কর্মীদের ক্ষেত্রে প্রযোজ্য সম্পূর্ণ অধিকার লাভ করবেন।

আরও তথ্য অথবা আবেদন ফর্ম পেতে হলে এই ওয়েবসাইট এ যান:
www.bia.homeoffice.gov.uk/workingintheuk/bulgariaromania/applying/

কাজ খুঁজে পাওয়া
আপনার এলাকায় বিভিন্ন উপায়ে কাজের খোঁজ করতে পারেন:
- কর্মপ্রার্থীদের জন্য জবসিকার ডাইরেক্ট হেল্পলাইন হল একটি টেলিফোন পরিষেবা।

নম্বরটি হল 0845 6060234 এবং এটি সপ্তাহের কাজের দিনগুলিতে সকাল 8টা থেকে সন্ধ্যা 6টা এবং শনিবার সকাল 9টা থেকে বেলা 1টা পর্যন্ত খোলা থাকে। সব কলের জন্য স্থানীয় হারে মাশুল দাবি করা হয়।
- ইণ্টারনেট ওয়েবসাইট যার মধ্যে আছে জবসেণ্টার প্লাস এর ওয়েবসাইট (www.jobcentreplus.gov.uk)
- নতুন কর্মী সংগ্রহের সহায়ক এজেন্সি
- সংবাদপত্রের বিজ্ঞাপন
- দোকানের পণ্যসামগ্রী প্রদর্শনের জানলায় বিজ্ঞাপন

জবসেণ্টার প্লাস

জবসেণ্টার প্লাস হল ডিপার্টমেণ্ট ফর ওয়ার্ক অ্যাণ্ড পেনশনস্ এর অংশ এবং এই সংস্থাটি কাজের বয়স হয়েছে এমন ব্যক্তিদের কর্মনিয়োগ এবং বেনিফিট দিয়ে সাহায্য করে। যুক্তরাজ্যে কাজ করার আইনসম্মত বয়সসীমা হল 16 - 65।

এখানে জবসেণ্টার সার্ভিসেস্ এর তালিকা এবং কোথায় সেগুলি পাওয়া যায় তার একটি তালিকা দেওয়া হল:
- **জবসেণ্টার প্লাস অনলাইন**: বিশ্বের বৃহত্তম কাজের ভাণ্ডার যার মাধ্যমে 400,000 কাজে প্রবেশের সুযোগ আছে। এটি এই ওয়েবসাইট এ পাওয়া যায়: www.jobcentreplus.gov.uk।
- **জবসেণ্টার প্লাস অফিস**: এখানে আপনি আপনার এলাকায় পাওয়া যায় এমন কাজগুলির একটি সাম্প্রতিকতম তালিকা দেখতে পাবেন, আপনি কোনো নির্দিষ্ট বৃত্তি অথবা পেশা সংক্রান্ত কাজের জন্য বিস্তারিত অনুসন্ধান করতে পারবেন এবং সরাসরি পরামর্শদাতার সঙ্গে কথা বলার ব্যবস্থাও করতে পারবেন।
- **জবসিকার ডাইরেক্ট হেল্পলাইন**: এই হেল্পলাইনটি বৃত্তি অথবা পেশা-সম্পর্কিত পরামর্শ এবং আপনি যে এলাকায় বসবাস করেন এবং যে ধরনের কাজ করতে চান, সেই সংক্রান্ত কর্মখালি বিষয়ক তথ্য পাবেন। 0845 6060234 নম্বরে টেলিফোন করে এই তথ্য পাওয়া যাবে।

যোগ্যতা

আপনি যুক্তরাজ্যের বাইরে কোনো যোগ্যতা অর্জন করে থাকলে তা এই দেশে স্বীকৃত নাও হতে পারে। এই যোগ্যতাগুলিকে ব্রিটেনের যোগ্যতার সঙ্গে তুলনা করতে হলে আপনি ন্যাশনাল অ্যাকাডেমিক রেকগনিশন ইনফরমেশন সেণ্টার এর সঙ্গে যোগাযোগ করতে পারেন। আপনাকে ইংরেজি অনুবাদসহ আপনার যোগ্যতার প্রমাণ পাঠাতে হবে। যদিও সাধারণ পরামর্শ বিনামূল্যে দেওয়া হয়, যদি আপনি ব্যক্তিগত মূল্যায়ন এবং আপনার যোগ্যতার তুলনামূলক বিচার বিষয়ে পত্র চান, তাহলে অর্থ দিতে হবে।

আপনার কাজ করার অধিকার

যদি আপনি সপ্তাহে আট ঘণ্টা অথবা তার বেশি সময়ের জন্য কাজে নিযুক্ত হন এবং এমন একটি পদে যা এক মাসের বেশি সময় স্থায়ী হবে, তাহলে আইনানুসারে আপনার নিয়োগকর্তা লিখিত শর্তাবলী অথবা কর্মনিয়োগ চুক্তি প্রদান করতে বাধ্য।

আপনি আবিষ্কার করতে পারেন যে বিভিন্ন স্থানে আপনার কর্মনিয়োগের শর্তাবলী লেখা আছে, যেমন আপনার কর্মনিযুক্তিপত্রে, আপনার কাজের বর্ণনায় অথবা শ্রমিক সংগঠনের চুক্তিতে। আপনার নিয়োগকর্তা প্রদত্ত যেকোনো চিঠি অথবা নথিপত্র নিরাপদ স্থানে সংরক্ষণ করা গুরুত্বপূর্ণ।

শ্রমিক সংগঠন যদি আপনার নিয়োগকর্তার সঙ্গে যুক্তরাজ্যের আইনানুসারে কোনো চুক্তি করে থাকে তাহলে তা স্বাস্থ্য এবং নিরাপত্তা, বেতন, জাতি, প্রতিবন্ধকতা এবং লিঙ্গভিত্তিক বৈষম্য ইত্যাদি বিষয়ে আপনার অথবা আপনার নিয়োগকর্তার অধিকারকে প্রভাবিত করবে।

যদি আপনি কোনো নিয়োগকর্তার হয়ে এমন কাজ করতে চান যা সপ্তাহে আট ঘণ্টার কম সময় স্থায়ী হবে এবং যদি আপনার সঙ্গে কোনো চুক্তি করা না হয়, তাহলেও যুক্তরাজ্যের আইন অনুসারে আপনার অধিকার বজায় থাকবে।

মজুরি

যুক্তরাজ্যের সব কর্মীর অধিকার* আছে তাঁদের কাজের জন্য ঘণ্টাপ্রতি জাতীয় ন্যূনতম মজুরি পাওয়ার। নিচের সারণিতে প্রতিটি বয়সভিত্তিক গ্রুপের ন্যূনতম মজুরির তালিকা দেওয়া হল:

বয়স	ন্যূনতম মজুরি
16 - 17	£3.53
18 - 21	£4.77 পাউণ্ড (উন্নতির হার)**
22 এর বেশি*	£5.73

*19 এর কমবয়সী শিক্ষানবিশেরা ন্যূনতম মজুরি পাওয়ার যোগ্য নন।

**যদি আপনার নতুন কর্মনিযুক্তির প্রথম ছয় মাসে আপনি অনুমোদিত প্রশিক্ষণ পান, তাহলে আপনাকে উন্নতির হারে মজুরি দেওয়া হবে।

বিয়োজন

নিয়োগকর্তারা আইনসম্মতভাবে আপনার বেতন থেকে আয়কর, পে অ্যাজ্ ইউ আর্ন (PAYE) এবং ন্যাশনাল ইন্সিওরেন্স এ আপনার অবদান কেটে নিতে পারেন। অন্য কোনো ধরনের বিয়োজন যেমন অবসরভাতা প্রকল্পে আপনার অবদান বিষয়ে পূর্বে আপনার সম্মতির প্রয়োজন।

যদি মনে করেন যে আপনি ন্যূনতম মজুরি পাচ্ছেন না, তাহলে DTI ন্যাশনাল মিনিমাম ওয়েজ হেল্পলাইন এর সঙ্গে 0845 6000 678 নম্বরে যোগাযোগ করতে পারেন।

স্বাস্থ্য এবং নিরাপত্তা

আপনি যুক্তরাজ্য অর্থাৎ ইউ.কে'তে যেখানেই এবং যতদিন ধরেই কাজ করুন না কেন, আপনি এবং আপনার নিয়োগকর্তা, উভয়েরই স্বাস্থ্য এবং নিরাপত্তা সম্পর্কিত অধিকার এবং দায়দায়িত্ব আছে।

দ্য হেলথ অ্যাণ্ড সেফ্‌টি এক্সিকিউটিভ একটি সরকারি সংস্থা যারা স্বাস্থ্য এবং নিরাপত্তা বিষয়ক আইন বলবৎ করে এবং পরামর্শ ও সহায়তা প্রদান করে কর্মীদের স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণকে সুরক্ষিত রাখতে কাজ করে।

যদি কাজ করতে করতে আপনি দুর্ঘটনার সম্মুখীন হন, তা সে যত ছোট দুর্ঘটনাই হোক না কেন, আপনি অবশ্যই আপনার তত্ত্বাবধায়ক, শ্রমিক সংগঠনের প্রতিনিধি অথবা কোম্পানির নিরাপত্তা অফিসারকে সে বিষয়ে জানাবেন। নিশ্চিত করবেন যাতে আপনার আঘাত লাগার বিষয়টি দুর্ঘটনা বইতে নথিভুক্ত করা হয়।

যদি দুর্ঘটনাজনিত কারণে আপনাকে কাজের বাইরে থাকতে হয়, তাহলে ডাক্তার দেখান এবং তাঁকে জানান যে আপনি কর্মস্থলে আহত হয়েছেন। আপনার নিয়োগকর্তার কাছে একটি সার্টিফিকেট পাঠানোর জন্য অনুরোধ করুন। আপনি বেনিফিট পাওয়ার যোগ্য হতে পারেন।

শ্রমিক সংগঠনে যোগ দেওয়া

যুক্তরাজ্যের আইনে বলা আছে যে 16 বছর বয়স হলে আপনার সংগঠনে যোগ দেওয়ার অধিকার থাকবে। যদি আপনি কোনো ইউনিয়ন এ যোগ দিতে চান, তাহলে তারা কাজের জায়গায় আপনার অধিকার সম্পর্কে পরামর্শ দেবে এবং নিয়োগকর্তার সঙ্গে যদি আপনার কোনো বিষয় সমাধানের প্রয়োজন হয়, তাহলে আপনাকে সহায়তা দেবে। আপনার সহকর্মীদের জিজ্ঞাসা করুন যে তাঁরা সংগঠনের সদস্য কি না, সেগুলি কী ধরনের পরিষেবা দেয় এবং আপনার সংগঠনের প্রতিনিধি কে।

যদি আপনি অসুস্থ হন অথবা দেরিতে পৌঁছোন

যদি অসুস্থ থাকার কারণে অথবা ব্যক্তিগত সমস্যার কারণে আপনি কাজে উপস্থিত হতে অপারগ হন, তাহলে আপনি অবশ্যই আপনার তত্ত্বাবধায়ক অথবা নিয়োগকর্তাকে জানাবেন এবং আপনার পরিস্থিতিটি ব্যাখ্যা করবেন এবং আপনি কখন ফিরে এসে কাজে যোগ দিতে পারবেন তারও ইঙ্গিত দেবেন।

অসুস্থ ব্যক্তির বেতন গ্রহণ

আপনার কাজের চুক্তি অথবা শর্তাবলীর মধ্যে অসুস্থতাজনিত কারণে অনুপস্থিত থাকাকালীন আপনার বেতন পাওয়ার অধিকার বর্ণনা করা আছে। যদি বিষয়টি পরিষ্কার না হয় তাহলে আপনার তত্ত্বাবধায়ক অথবা আপনার সংগঠনের প্রতিনিধিকে সেটি ব্যাখ্যা করতে বলুন।

হয়রানি

জাতি, বয়স অথবা লিঙ্গ সংক্রান্ত কারণে কোনো কর্মীর বিরুদ্ধে নিয়োগকর্তা অথবা সহকর্মী কর্তৃক বৈষম্যমূলক আচরণ বেআইনি। যদি মনে করেন যে কর্মস্থলে আপনার প্রতি বৈষম্যমূলক আচরণ করা হয়েছে, তাহলে আপনার উচিত কী ঘটেছে, কোথায় ঘটেছে এবং কখন ঘটেছে তা নথিভুক্ত করা এবং তারপরেই আপনার উচিত বিষয়টি সম্পর্কে জানানো।

আপনি এটা নিম্নলিখিত ব্যক্তিদের সঙ্গে কথা বলার মাধ্যমে করতে পারেন:
- আপনি যে কোম্পানির হয়ে কাজ করছেন তার একজন বরিষ্ঠ কর্মকর্তা
- আপনার সংগঠনের প্রতিনিধি
- সিটিজেনস্ অ্যাডভাইস ব্যুরো (Citizens Advice Bureau)

শিক্ষা

এক-নজরে

যুক্তরাজ্যে বসবাসকারী সব 5-16 বছর বয়সী শিশু অবশ্যই সম্পূর্ণ সময়ের শিক্ষা লাভ করবে। স্থানীয় কাউন্সিলের (সাধারণত স্থানীয় কর্তৃপক্ষ নামে পরিচিত) দায়িত্ব হল এর ব্যবস্থা করা। যেসব শিশু শরণার্থী অথবা আশ্রয়প্রার্থী তাদের, যুক্তরাজ্যের অন্য সব শিশুর মতই, সম্পূর্ণ সময়ের শিক্ষা পাওয়ার অধিকার আছে।

যুক্তরাজ্যের অধিকাংশ শিশু সরকারি স্কুলে যায়। কেউ কেউ বেসরকারি স্কুলে যায় যেখানে তাদের পিতা-মাতা বেতন দেন। স্বল্পসংখ্যক শিশুকে স্থানীয় কর্তৃপক্ষ গৃহে শিক্ষাগ্রহণের অনুমতি দেয়।

স্কুলবর্ষ

যুক্তরাজ্যের স্কুলবর্ষটি অগস্ট অথবা সেপ্টেম্বরে শুরু হয় এবং সেটি তিন থেকে ছ'টি টার্ম এ বিভক্ত থাকে। প্রতিটি টার্ম সাত থেকে তেরো সপ্তাহ দীর্ঘ হয়। ক্রিসমাসের সময় কমপক্ষে দু'সপ্তাহ স্কুল বন্ধ থাকে এবং ইস্টার এ মার্চ অথবা এপ্রিল মাসে দু'সপ্তাহ স্কুল বন্ধ থাকে। প্রতিটি টার্ম এর মাঝখানে দুই থেকে পাঁচ দিনের স্বল্পদৈর্ঘ্যের ছুটি থাকে।

স্কুলবর্ষ শেষ হয় জুন অথবা জুলাই মাসে যখন স্কুল ছয় সপ্তাহের জন্য বন্ধ হয়ে যায়।

স্কুল এবং কলেজ

সাধারণত যুক্তরাজ্যে শিক্ষাকে চারটি পৃথক পর্যায়ে ভাগ করা যায়:

বয়স	স্কুল এর ধরন	স্কুলবর্ষ
5 - 11	প্রাথমিক স্কুল	1 - 6
11 - 16	সেকেণ্ডারি স্কুল	7 - 11
16 - 18 / 19	সেকেণ্ডারি স্কুল, সিক্সথ্ ফর্ম কলেজ অথবা কলেজ অব ফার্দার এডুকেশন	12 - 13
18 / 19 এর বেশি	কলেজ অব ফার্দার এডুকেশন অথবা বিশ্ববিদ্যালয়	

যদি 16 বছর বয়স হওয়ার পরেও আপনার শিশু আরও শিক্ষা গ্রহণ করতে চায়, তাহলে তাদের সিদ্ধান্ত নিতে হবে যে স্কুল এ থাকবে না কলেজে যাবে।

খরচ

যদিও যুক্তরাজ্য অর্থাৎ ইউ.কে'তে সরকারি শিক্ষা বিনামূল্যে পাওয়া যায়, কতগুলি পরিষেবার জন্য ছাত্রছাত্রী এবং পিতা-মাতা খরচ দিতে পারবেন বলে প্রত্যাশা করা হয়।

শিক্ষা-সরঞ্জাম এবং বইপত্র

স্কুলে প্রতিটি শিশুর নিজের কলম, পেন্সিল এবং রুলার থাকা প্রয়োজন। পাঠগ্রহণের জন্য প্রয়োজনীয় বইপত্র, কাগজ এবং অন্যান্য শিক্ষা-সরঞ্জাম স্কুল সরবরাহ করবে।

স্কুলের পোশাক

যদি আপনি স্বল্প আয় করেন, তাহলে আপনার শিশুর স্কুলের পোশাকের খরচ মেটাতে কিছু আর্থিক সহায়তা পেতে পারেন।

স্কুলের খাবার

যুক্তরাজ্যের সব স্কুলে ছাতছাত্রীদের জন্য মধ্যাহ্নের আহারের ব্যবস্থা আছে যদিও অনেক ছাত্রছাত্রী দুপুরের খাবার সঙ্গে করে নিয়ে আসে। স্বল্প আয়ের পরিবারের শিশুরা বিনামূল্যে স্কুলের খাবার পায়।

যদি কোনো ছাত্রছাত্রী সোশ্যাল সার্ভিসেস্ বিভাগের প্রযত্নে থাকে, তাহলে নির্ধারিত সেবাদানকারীরা সে সঙ্গে নিয়ে আসতে পারে এমন খাদ্যের ব্যবস্থা করবেন অথবা শিশুকে স্কুলে খাবার কিনে নেওয়ার জন্য অর্থ দেওয়া হবে।

ভ্রমণ

যদি আপনি যেখানে বসবাস করেন তার নিকটতম স্কুলে শিশু আসন পায় এবং সেই স্কুলটি 'হেঁটে যাওয়া যায় এমন দূরত্বে' (অধিকাংশ ক্ষেত্রে তিন মাইল বলে ধরা হয়) না হয়, তাহলে আপনি বাস অথবা ট্রেনের ভাড়া দেওয়ার জন্য সাহায্য পেতে পারেন।

অন্যান্য খরচ

স্কুলে তাদের কাজের জন্য দরকার এমন কোনো কিছু জন্য স্কুল আপনার শিশুর কাছে অর্থ দাবি করবে না। তবে আপনাকে অতিরিক্ত ক্রিয়াকলাপের খরচ যোগাতে হতে পারে, যেমন কোনো বাদ্যযন্ত্র শিক্ষার খরচ।

স্কুল ভ্রমণ

কখনও কখনও কোনো শিক্ষক-শিক্ষিকা স্কুলের বাইরে ভ্রমণের ব্যবস্থা করতে পারেন যেমন কোনো প্রাচীন প্রাসাদ অথবা জাদুঘর। যদি এটি স্কুলে পাঠ্য কোনো একটি প্রধান বিষয়ের অঙ্গ হয়ে তাহলে আপনাকে এই ভ্রমণের খরচ দিতে হবে না এবং এই ধরনের ভ্রমণ স্কুল চলাকালীন সম্পন্ন করা হবে। যদি ভ্রমণের জন্য রাতে বাইরে থাকার প্রয়োজন হয় তাহলে স্বল্প আয়ের পরিবারকে বাসস্থান এবং খাদ্যের খরচ দিতে হবে না।

স্কুলে শিক্ষাগ্রহণ

অতীতে আপনার শিশু যে ধরনের পাঠগ্রহণে অভ্যস্ত ছিল তার তুলনায় যুক্তরাজ্যে তার স্কুলে যে পাঠ দেওয়া হবে তা সম্ভবত ভিন্ন প্রকৃতির হতে পারে এবং তাদের এমন বিষয় পড়তে হতে পারে যা তারা এর আগে অধ্যয়ন করেনি।

শিক্ষার ধরনও ভিন্ন হতে পারে। আপনার শিশু পাঠগুলিতে আরও বেশি পরিমাণে অংশগ্রহণ করবে এমন প্রত্যাশা করা হতে পারে এবং শুধু চুপ করে শোনাই যথেষ্ট নাও হতে পারে। শিক্ষক-শিক্ষিকা প্রশ্ন জিজ্ঞাসা করা এবং আলোচনাকে উৎসাহিত করতে পারেন এবং কখনও কখনও তিনি ক্লাসকে ছোট ছোট গ্রুপে ভাগ করে একসঙ্গে কাজ করাতে পারেন।

প্রধান বিষয়সমূহ

স্কুলে ছাত্রছাত্রীদের বিভিন্ন বিষয়ে পাঠদান করা হয়। আইন অনুযায়ী ইংল্যাণ্ড এবং স্কটল্যাণ্ডের স্কুলে ইংরেজি, গণিত, বিজ্ঞান, নকশা এবং প্রযুক্তি, তথ্য এবং যোগাযোগ প্রযুক্তি অর্থাৎ ইনফরমেশন অ্যাণ্ড কমিউনিকেশন টেকনোলজি (ICT), ইতিহাস, ভূগোল, ইংরেজি ব্যতীত একটি দ্বিতীয় ভাষা, শিল্প এবং অঙ্কনবিদ্যা, সঙ্গীত, শারীর-শিক্ষা অর্থাৎ ফিজিক্যাল এডুকেশন (PE) এবং নাগরিকত্ব যা ওয়েলস্ এ PSE নামে পরিচিত ইত্যাদি বিষয়গুলি অবশ্যপাঠ্য।

স্কটল্যাণ্ড এবং উত্তর আয়ারল্যাণ্ড এ স্কুলে একই ধরনের বিষয় পড়ানো হয় এবং ওয়েলস্ এ সব স্কুলে ওয়েলশ ভাষা পড়ানো হয়।

14 বছর অথবা তার বেশি বয়সী ছাত্রছাত্রীদের বৃত্তি অথবা পেশা বিষয়ক পাঠ দেওয়া হয় যাতে তারা 16 বছর বয়স হলে প্রাপ্তবয়স্কদের শিক্ষা গ্রহণের জন্য নিজেদের প্রস্তুত করে তুলতে পারে।

ধর্মীয় শিক্ষা

আইনে বলা হয়েছে যে যুক্তরাজ্যের স্কুলগুলিতে ধর্মীয় শিক্ষা অবশ্যই দিতে হবে যদিও সব স্কুল কঠোরভাবে এই আইনটি অনুসরণ করে না। পাঠগুলি প্রায়শই ধর্মীয় বিষয়ের পরিবর্তে নৈতিক বিষয়ে দেওয়া হয়। পিতা-মাতা অথবা কেয়ারার শিশুকে এই ক্লাসে উপস্থিত না থাকার জন্যও অনুরোধ করতে পারেন।

ইংরেজি ভাষাশিক্ষায় সাহায্য

যদি প্রয়োজন হয়, তাহলে স্কুল শিশুকে ইংরেজি ভাষাশিক্ষার জন্য আরও সহায়তা দিতে পারে। কোনো কোনো পাঠব্যবস্থায় তারা শ্রেণীকক্ষের সহায়ক হিসেবে অন্য কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তির কাছে পাঠ নিতে পারে। কখনও কখনও শিক্ষক-শিক্ষিকারা দুপুরের খাবারের সময় ক্লাস নিয়ে শিখতে সাহায্য করেন।

যদি আপনার শিশুর ইংরেজি শিক্ষার মান সন্তোষজনক না হয়, তাহলে শিক্ষক-শিক্ষিকা সিদ্ধান্ত নিতে পারেন যে আপনার শিশুর পক্ষে তার থেকে বয়সে ছোট শিশুদের সঙ্গে কাজ করা সহজতর হবে।

অতিরিক্ত ক্রিয়াকলাপ

স্কুলের আরও অন্য ক্রিয়াকলাপের ব্যবস্থা থাকতে পারে যেমন সাধারণ পাঠের সময়ের বাইরে ক্রীড়া অথবা সঙ্গীতের ক্লাব। এইসব ক্রিয়াকলাপে অংশগ্রহণ করলে আপনার শিশু বন্ধুবান্ধবের সাহচর্য পাবে এবং এই অভিজ্ঞতা কর্মপ্রার্থী হিসেবে আবেদন করার সময় অথবা কলেজ ও বিশ্ববিদ্যালয়ে আসন পাওয়ার জন্য আবেদন করার সময় সহায়ক হবে।

সমান সুযোগ

যুক্তরাজ্য অর্থাৎ ইউ.কে'তে প্রতিটি শিশুকে স্কুলে সমান সুযোগ দিতে হবে। লিঙ্গ, জাতি, ধর্ম, যৌনতা অথবা প্রতিবন্ধকতার কারণে কোনো শিশুকে কোনো ক্রিয়াকলাপ থেকে বিরত রাখা স্কুল অথবা কলেজ এর ক্ষেত্রে আইনবিরুদ্ধ। ছেলে এবং মেয়েদের একই পাঠগ্রহণের অধিকার আছে এবং তাদের সঙ্গে সমান আচরণ করা হবে।

স্কুলের বিধি

প্রথম স্কুলে আসার পরে আপনার শিশুকে সম্ভবত স্কুলের বিধিগুলির একটি কপি দেওয়া হবে। এর মধ্যে থাকবে স্কুলের পোশাক, গয়না ইত্যাদি পরা, মোবাইল ফোন এর ব্যবহার এবং স্কুলে সাধারণ আচরণ সংক্রান্ত বিধিসমূহ।

স্কুলে সমস্যা

যদি স্কুলে আপনার শিশুর কোনো সমস্যা হয়, তাহলে তাদের সঙ্গে সঙ্গে সে বিষয়ে জানানো উচিত। শিক্ষক-শিক্ষিকার সঙ্গে কথা বলার জন্য পিতা-মাতা অথবা কেয়ারার সবসময় পূর্বনির্ধারিত সাক্ষাৎকার চাইতে পারেন।

উপস্থিতি

আপনার শিশুর পক্ষে নিয়মিত স্কুলে উপস্থিতি এবং সঠিক সময়ে উপস্থিতি গুরুত্বপূর্ণ। যদি মনে করেন যে আপনার শিশু অন্য কোথাও থাকবে, তাহলে আপনি অবশ্যই আগেই শিক্ষক-শিক্ষিকাকে অবহিত করবেন। যদি অসুস্থ থাকার কারণে আপনার শিশু স্কুলে না যেতে পারে, তাহলে আপনি যত শীঘ্র সম্ভব স্কুলকে বিষয়টি জানাবেন। যখন আপনার শিশু আবার স্কুলে ফিরে যাবে, তখন তারা কেন অনুপস্থিত ছিল তা ব্যাখ্যা করে আপনি স্কুলকে একটি নোট পাঠাবেন।

যদি আপনার শিশু প্রায়ই স্কুলে অনুপস্থিত থাকে, তাহলে একজন এডুকেশনাল ওয়েলফেয়ার অফিসার আপনার সঙ্গে সাক্ষাৎ করবেন এবং আপনার শিশুর উপস্থিতি বাড়ানোর জন্য আপনাকে এবং আপনার পরিবারকে সাহায্য করবেন।

যে শিশু স্কুলে অনুপস্থিত থাকে তার পিতা-মাতাকে জরিমানা দিতে হতে পারে - অথবা, কোনো কোনো চরম ক্ষেত্রে, জেলে পাঠানো হতে পারে।

পরীক্ষা

ইংল্যাণ্ডের এগার এবং চোদ্দ বছরের ছাত্রছাত্রীদের ইংরেজি, গণিত এবং বিজ্ঞান পরীক্ষা নেওয়া হয়।

16 বছর বয়সে ইংল্যাণ্ড, ওয়েলস্ এবং উত্তর আয়ারল্যাণ্ডের অধিকাংশ কিশোর-কিশোরী তাদের পঠনপাঠনের সব প্রধান বিষয়গুলিতে পরীক্ষা দেয়। এই পরীক্ষাকে জি.সি.এস.ই. (GCSE) বলা হয় এবং কর্মনিযুক্তি ও উচ্চতর শিক্ষার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ যোগ্যতা।

এর পরে অপেক্ষাকৃত বয়স্ক ছাত্রছাত্রীরা অন্য অনেক শিক্ষাগত যোগ্যতা অর্জন করতে পারে যা স্কুলে পঠিত বিষয়গুলির (AS এবং A2 পর্যায়ের) সঙ্গে অথবা অন্যান্য দক্ষতা অথবা পেশার সঙ্গে সম্পর্কযুক্ত।

স্কটল্যাণ্ডের পরীক্ষা ব্যবস্থা ভিন্ন। 16 বছর বয়সী অধিকাংশ ছাত্রছাত্রী পাঁচটি অথবা ততোধিক বিষয়ে স্ট্যাণ্ডার্ড গ্রেড পরীক্ষা দেয় যার মধ্যে থাকে ইংরেজি, গণিত, একটি বিদেশী ভাষা, বিজ্ঞান এবং একটি সামাজিক বিষয়ের বাধ্যতামূলক পরীক্ষা। এরপরে ছাত্রছাত্রীরা এক অথবা দু'বছরের জন্য ন্যাশনাল কোয়ালিফিকেশন অর্জন করতে পারে স্কুলে অথবা কলেজে। বিভিন্ন পর্যায়ে এর পরীক্ষা নেওয়া হয় যেগুলি অ্যাকসেস্, ইণ্টারমিডিয়েট এবং হায়ার নামে পরিচিত।

16 বছরের পরে

ইংল্যাণ্ড এবং ওয়েলস্ এর অল্পবয়সী কিশোর-কিশোরীরা যে বছর তাদের 16 বছর বয়স হবে সেই স্কুলবর্ষের জুন মাসের শেষ শুক্রবার পর্যন্ত স্কুলে থাকবে। স্কটল্যাণ্ডে কোনো কোনো ছাত্রছাত্রী এর আগেই স্কুল ছেড়ে যেতে পারে তবে তা নির্ভর করে তাদের জন্মতারিখের উপর।

যদি 16 বছর বয়স হওয়ার পরেও আপনার শিশু আরও শিক্ষা গ্রহণ করতে চায়, তাহলে তাদের সিদ্ধান্ত নিতে হবে যে স্কুল এ থাকবে না কলেজে যাবে।

স্কুলে থেকে যাওয়া

অনেক স্কুলে 16-19 এর ছাত্রছাত্রীদের এক অথবা দু'বছরের পাঠক্রমের সুবিধা দেওয়া হয়। এইসব ছাত্রছাত্রীরা হয়:
- তাদের পরীক্ষায় প্রাপ্ত গ্রেড এর উন্নতিসাধন করতে চায়
- কর্মনিযুক্তির প্রশিক্ষণ শুরু করতে চায় অথবা
- বিশ্ববিদ্যালয়ে যাওয়ার আশা করে

স্কুলের এই সময়টিকে সিক্সথ ফর্ম বলা হয়।

স্কুল ছেড়ে যাওয়া

যেসব ছাত্রছাত্রী 16 বছর বয়সে স্কুল ছেড়ে যেতে চায়, তারা কাজ অথবা প্রশিক্ষণের মধ্যে থেকে বেছে নিতে পারে অথবা কলেজ এ পড়তে যেতে পারে। তবে আপনার শিশুর এইসব সুবিধা পাওয়ার অধিকার নির্ভর করবে তাদের অভিবাসন অর্থাৎ ইমিগ্রেশন সংক্রান্ত অবস্থানের উপর।

কী করলে সবচেয়ে ভালো হবে সেই সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে স্কুল এবং কানেকশনস্ সার্ভিস্ এর মাধ্যমে সাহায্য পাওয়া যাবে।

কানেকশনস্ সার্ভিস্

এটি সেই পরিষেবার নাম যা অল্পবয়সী কিশোর-কিশোরীদের বিভিন্ন বিষয়ে পরামর্শ দেয়। এর মধ্যে আছে শিক্ষা, কাজ এবং প্রশিক্ষণ - কিন্তু অন্যান্য বিষয়ও এর অন্তর্ভুক্ত যেমন আবাসন, স্বাস্থ্য ও অর্থ।

স্কুল এবং কলেজে, স্থানীয় অফিসে এবং ইণ্টারনেট এ www.connexions.gov.uk ওয়েবসাইট এ কানেকশনস্ সার্ভিস্ এর পরামর্শ পাওয়া যাবে।

উচ্চতর শিক্ষা

উচ্চতর শিক্ষার অর্থ হল স্কুলে অথবা কলেজে 16 বছর অথবা তার বেশি বয়সী কিশোর-কিশোরীদের জন্য শিক্ষা।

কলেজে যাওয়া

আপনার স্থানীয় উচ্চতর শিক্ষা প্রদানকারী কলেজ 16-19 বছর বয়সী ছাত্রছাত্রীদের জন্য বিভিন্ন ধরনের পাঠক্রমের সুবিধা দেবে। কতগুলি সেই সব ছাত্রছাত্রীদের সাহায্য করবে যারা তাদের পরীক্ষার গ্রেড এর আরও উন্নতি ঘটাতে চায় অথবা যারা বিশ্ববিদ্যালয়ে যেতে চায়। অন্যগুলি তাদের জন্য যারা বৃত্তি অথবা পেশার জন্য প্রশিক্ষণ নিতে চায়। কখনও কখনও এই পাঠক্রমগুলি পূর্ণ সময়ের হয়ে থাকে। কতগুলি আংশিক সময়ের হয় এবং এক্ষেত্রে ছাত্রছাত্রীদের পড়াশোনার সঙ্গে সঙ্গে কাজ করারও অনুমতি দেওয়া হয়।

প্রবেশের শর্তসমূহ

যদি আপনার শিশু পছন্দসই কোনো পাঠক্রম খুঁজে পায় তাহলেও শুরু করার আগে পাঠক্রমে প্রবেশের জন্য তাদের কতগুলি শর্ত পূরণ করতে হবে। আপনার শিশুকে দেখাতে হবে যে সে:

- ভাষাগত দক্ষতার অধিকারী
- তার সঠিক যোগ্যতা আছে, যেমন, সে পরীক্ষাতে যথেষ্ট ভালো ফল করেছে।
- পড়াশোনা চলাকালীন সে ফি দিতে পারবে এবং নিজেদের ভরণপোষণের দায়িত্ব নিতে পারবে

ইংরেজি শেখা

যাঁরা ইংরেজি ভাষার দক্ষতার উন্নতি ঘটাতে চান, তাদের জন্য অনেক কলেজে পাঠক্রমের ব্যবস্থা আছে। কতগুলি প্রাথমিক ইংরেজির জন্য, আবার অন্যগুলি ভাষার উচ্চতর দক্ষতা অথবা বিশেষ ধরনের কাজের সঙ্গে সম্পর্কযুক্ত।

আপনি হয়ত দেখবেন যে স্থানীয় অ্যাডাল্ট এডুকেশন সেণ্টার এ ইংরেজি ক্লাসের ব্যবস্থা আছে। এগুলি সাধারণত সন্ধ্যায় হয়, সুতরাং আপনি অথবা আপনার পরিবার পূর্ণ সময়ের কাজ করেও এই পাঠক্রমে অংশগ্রহণ করতে পারেন।

একজন সহায়ক কর্মী অথবা পরামর্শদাতা, কানেকশনস্ অ্যাডভাইসার অথবা স্থানীয় গ্রন্থাগার আপনার সঙ্গে এইসব কেন্দ্রগুলির যোগাযোগ ঘটিয়ে দিতে পারে। পাঠকর্ম বিনামূল্যে অথবা স্বল্পমূল্যের বিনিময়ে পাওয়া যেতে পারে যদি আপনাকে বেনিফিট এর উপর নির্ভর করে জীবনযাপন করতে হয় অথবা আপনার আয় কম হয়।

উচ্চতর শিক্ষা

উচ্চতর শিক্ষা বিশ্ববিদ্যালয় অথবা কলেজ শিক্ষার আরেকটি নাম যার মাধ্যমে ডিগ্রি এবং বিশেষ পেশাগত যোগ্যতা অর্জন করা যায়।

সাধারণত যে পাঠক্রম সেপ্টেম্বর মাসে শুরু হবে তার জন্য মার্চ মাস শেষ হওয়ার আগেই বিশ্ববিদ্যালয়ে প্রবেশের জন্য আবেদন করতে হয়। তবে যুক্তরাজ্যের ছাত্রছাত্রীরা সাধারণত তাদের পছন্দের বিশ্ববিদ্যালয়ে সরাসরি আবেদন করে না। প্রায় সব আবেদনই UCAS নামে একটি সংস্থার মাধ্যমে করতে হয়। আপনার শিশুর স্কুলের অথবা কলেজের ব্যক্তিগত শিক্ষক অর্থাৎ টিউটর এই বিষয়ে বিস্তারিত জানাতে পারবেন এবং আবেদন প্রক্রিয়ায় সাহায্য করতে পারবেন।

খরচ

বর্তমানে ইংল্যাণ্ড অথবা ওয়েলশ এর বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকারী অধিকাংশ ছাত্রছাত্রীকে তাদের জীবনধারণের খরচ দিতে হয় এবং তাদের পড়াশোনার খরচ অর্থাৎ টিউশন ফি'ও দিতে হয়। স্কটল্যাণ্ডের ছাত্রছাত্রীদের শুধু জীবনধারণের খরচ দিতে হয়।

ব্রিটিশ বিশ্ববিদ্যালয়ে টিউশন ফি'র দুটি হার আছে - দেশী এবং বিদেশী ছাত্রছাত্রীদের হার। বিদেশী ছাত্রছাত্রীদের ক্ষেত্রে এই হার অনেক বেশি।

যুক্তরাজ্যের অধিকাংশ ছাত্রছাত্রী জীবনধারণের খরচ চালাতে সরকার সমর্থিত স্টুডেন্ট লোন স্কীম থেকে ধার নেয়। www.studentfinancedirect.co.uk ওয়েবসাইট থেকে অথবা 08456 077577 নম্বরে টেলিফোন করে আরও তথ্য পাওয়া যাবে।

ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয় ছেড়ে যাওয়ার পরে তাদের ঋণ পরিশোধ করে যখন তাদের আয় একটি নির্দিষ্ট সীমায় পৌঁছোয়। সেই সময় তাদের বেতন থেকে স্বয়ংক্রিয় পদ্ধতিতে নির্দিষ্ট পরিমাণ অর্থ বিয়োজিত হয়।

স্বাস্থ্য এবং সেবা

এক-নজরে

যদি আপনি যুক্তরাজ্য অর্থাৎ ইউ.কে'র অধিবাসী হন, তাহলে আপনি ন্যাশনাল হেলথ সার্ভিস (NHS) এর চিকিৎসা সেবা সহায়তা পাওয়ার যোগ্য। NHS এর অধিকাংশ পরিষেবা বিনামূল্যে দেওয়া হয়, তবে কোনো কোনো পরিষেবার জন্য অর্থ দিতে হয়, যেমন প্রেসক্রিপশন* (ওষুধের জন্য সাধারণ হারে অর্থ নেওয়া হয়), চোখের পরীক্ষা, চশমা এবং দাঁতের চিকিৎসা।**

যদি আপনি স্টেট এর বেনিফিট পান, তাহলে আপনি এইসব খরচ মেটাতে সহায়তা পাওয়ার যোগ্য। এই সাহায্যের জন্য আবেদন করতে আপনাকে একটি বিস্তারিত ফর্ম ভর্তি করতে হবে যা আপনি ডাক্তার, দাঁতের ডাক্তার অথবা ওষুধের দোকানে পেতে পারেন।

যুক্তরাজ্যের অধিবাসীরা তাদের আয় থেকে বিয়োজিত ন্যাশনাল ইন্সিওরেন্স এ প্রদত্ত অর্থের মাধ্যমে প্রকল্পগুলিতে আর্থিক অবদান রাখে।

যদি আপনি 3 মাসের বেশি সময়ের জন্য যুক্তরাজ্যে বসবাস করার পরিকল্পনা করেন, তাহলে আপনার নিকটবর্তী মেডিক্যাল প্র্যাক্টিস এ স্থানীয় ডাক্তার এবং দাঁতের ডাক্তারের কাছে নাম নথিভুক্ত করা গুরুত্বপূর্ণ। যতক্ষণ পর্যন্ত না আপনি অথবা আপনার পরিবারের কেউ অসুস্থ হয়ে পড়ছেন ততক্ষণ নাম তালিকভুক্ত করার জন্য অপেক্ষা করবেন না।

*প্রেসক্রিপশনের জন্য যে অর্থ নেওয়া হয় গর্ভনিরোধক বড়ি তার বহির্ভূত।
**যদি আপনি স্কটল্যাণ্ডে বসবাস করেন তাহলে চোখ এবং দাঁতের পরীক্ষা বিনামূল্যে করানো যাবে।

ডাক্তারের কাছে নাম তালিকাভুক্ত করা

যুক্তরাজ্যে ডাক্তারদের প্রায়ই 'জেনারেল প্র্যাক্টিশনার' অথবা 'জি.পি.' বলা হয়। এর মাধ্যমে সেই সব ডাক্তারদের বোঝানো হয় যাঁরা হাসপাতালের পরিবর্তে স্থানীয় সার্জারিতে কাজ করেন। আপনার নিকটতম ডাক্তারের সার্জারি খুঁজে পাওয়ার পরে আপনাকে একটি নিবন্ধীকরণ ফর্ম সম্পূর্ণ করতে অনুরোধ করা হবে। আপনার ঠিকানা, ইতিপূর্বের অথবা বর্তমানের চিকিৎসা সংক্রান্ত পরিস্থিতি এবং যোগাযোগের টেলিফোন নম্বর দেওয়ার জন্য অনুরোধ করা হবে।

আপনার ডাক্তারের সার্জারিতে পূর্বনির্ধারিত সাক্ষাৎকারের জন্য সময় চাওয়া

সাধারণত অফিসের স্বাভাবিক কাজের সময়ে সোমবার-শুক্রবার ডাক্তারের সার্জারি খোলা থাকে। আপনি যে সার্জারিতে নাম নিবন্ধিত করবেন সেখান থেকে খোলা থাকার সময় এবং পরিষেবার তালিকা পাবেন। প্রয়োজনের কয়েকদিন আগেই সাক্ষাৎকারের জন্য সময় চেয়ে নেওয়া ভালো। আপনি সার্জারিতে গিয়ে অথবা তাদের অ্যাপয়েণ্টমেণ্ট লাইন এ ফোন করে এটা করতে পারেন। সার্জারিতে প্রায়শই 'জরুরি সাক্ষাৎকারের' জন্য কিছু সময় সংরক্ষণ করা হয়। এগুলি একই দিনের সাক্ষাৎকারের জন্য সময় দিতে ব্যবহৃত হয় এবং সাধারণত সার্জারি খোলার পরেই এই সময় পাওয়া যায়।

ডাক্তারের সার্জারিতে যা কিছু আলোচিত হয় তার সবকিছুই গোপন রাখা হয়।

যখন ডাক্তারের সার্জারি বন্ধ হয়

যদি আপনি অফিসের কাজের সময়ের বাইরে একজন জেনারেল প্র্যাক্টিশনার এর জরুরি সাহায্য চান এবং সার্জারি খোলা পর্যন্ত অপেক্ষা করতে না পারেন, তাহলে আপনি স্থানীয় জেনারেল প্র্যাক্টিশনার'কে 'অফিস বহির্ভূত সময়ের' পরিষেবার জন্য টেলিফোন করতে পারেন।

যদি টেলিফোন কলের সময় আপনার দোভাষী পরিষেবার প্রয়োজন হয়, তাহলে আপনার কল এর উত্তর পাওয়ার পরে শুধু জানান যে আপনি কোন্ ভাষায় কথা বলতে চান।

সংকটকালীন জরুরি সেবা

যুক্তরাজ্যে অ্যাম্বুলেন্স, পুলিশ এবং দমকলের মত জরুরি পরিষেবার টেলিফোন নম্বর হল 999। যদি আপনি অথবা আপনার পরিবারের কোনো সদস্য গুরুতর অসুস্থ হয়ে পড়েন এবং জরুরি চিকিৎসা সেবার প্রয়োজন হয়, তাহলে এই নম্বরটি ডায়াল করুন এবং অ্যাম্বুলেন্স পরিষেবার জন্য অনুরোধ করুন। আপনাকে সমস্যা সম্পর্কে এবং আপনার অবস্থান সম্পর্কে জিজ্ঞাসা করা হবে। এই কলটি বিনামূল্যে করা যাবে।

NHS ডাইরেক্ট

যদি স্বাস্থ্য পরিষেবার জন্য কোথায় যেতে হবে সে বিষয়ে অনিশ্চিত হন, তত গুরুতর নয় এমন আঘাত অথবা স্বাস্থ্য পরিষেবা সম্পর্কে সাধারণ প্রশ্ন থাকে, তাহলে NHS ডাইরেক্টকে টেলিফোন করতে পারেন। এর নম্বরটি হল 0845 4647।*

যখন আপনার টেলিফোন কলের উত্তর দেওয়া হবে তখন বলুন আপনি কোন্ ভাষায় কথা বলতে চান এবং তাঁরা প্রয়োজনে আপনাকে একজন দোভাষীর সঙ্গে যোগাযোগ করিয়ে দেবেন। এই টেলিফোন পরিষেবা সপ্তাহে 7 দিন, 24 ঘণ্টাই পাওয়া যায়। নার্স এবং পেশাদার পরামর্শদাতারা এই পরিষেবার কর্মী যাঁরা আপনাকে গোপনীয়তা রক্ষা করে পরিষেবা দিতে পারবে।

বিকল্পস্বরূপ, অসুস্থতা, অপারেশন, পরীক্ষা, চিকিৎসা এবং সাধারণ স্বাস্থ্যবিষয়ক সমস্যার জন্য আপনি www.nhsdirect.nhs.uk ঠিকানায় NHS ডাইরেক্ট এর ওয়েবসাইট এ যেতে পারেন।*

*স্কটল্যাণ্ডে 24 ঘণ্টার স্বাস্থ্য পরামর্শ এবং তথ্য পরিষেবাকে NHS 24 বলা হয়। আপনি 08454 242424 নম্বরে টেলিফোন করতে পারেন অথবা www.nhs24.com ওয়েবসাইট এ আসতে পারেন।

ঔষধালয় অর্থাৎ ফার্মেসী

যুক্তরাজ্যে ওষুধ প্রস্তুতকারকের দোকানকে 'ফার্মেসী' বলা হয়। এখানে আপনি ডাক্তারের সুপারিশকৃত ওষুধ সংগ্রহ করতে পারেন। এছাড়াও ফার্মেসীতে ছোটখাট অসুখের নানারকম ওষুধপত্র বিক্রি করা হয় যা আপনি প্রেসক্রিপশন ছাড়াই কিনতে পারেন।

আপনি গৃহে লাল অথবা সবুজ ক্রশচিহ্নের সঙ্গে পরিচিত হতে পারেন। যুক্তরাজ্যের ফার্মেসীতেও একই ধরনের পরিষেবা পাওয়া যায়। যাঁরা ফার্মেসীতে কাজ করেন তাঁরা আপনাকে স্বাস্থ্যসেবা সম্পর্কিত পরামর্শ দিতে পারবেন এবং অনেক চিকিৎসা পরিষেবা সম্পর্কে তথ্য দিয়ে সাহায্য করতে পারবে।

শিশু আছে এমন পরিবারের জন্য পরিষেবা

যদি আপনার 5 বছরের কমবয়সী শিশু থাকে, তাহলে আপনি বিনামূল্যে স্বাস্থ্য পরিদর্শন পরিষেবা পাওয়ার যোগ্য হতে পারেন। স্বাস্থ্য পরিদর্শক অর্থাৎ হেলথ ভিজিটরেরা যোগ্যতাসম্পন্ন নার্স হন যাঁরা আরও প্রশিক্ষণ নেওয়া সম্পূর্ণ করেছেন। তাঁরা আপনাকে বিভিন্ন ধরনের তথ্য দিয়ে সাহায্য করতে পারবেন:

- শিশুদের টিকাকরণ
- স্বাস্থ্যসম্মত খাদ্যাভ্যাস
- শিশুদের বাড়বৃদ্ধি এবং উন্নতি
- নার্সারি

- প্লেগ্রুপ
- শিক্ষা
- আবাসন

দাঁতের ডাক্তার

যুক্তরাজ্যে দাঁতের ডাক্তাররা NHS এর যেসব রোগী বিনামূল্যে চিকিৎসা সেবা পান* এবং ব্যক্তিগত রোগী যাঁরা চিকিৎসার জন্য অর্থ খরচ করেন, এই উভয় ধরনের রোগীরই চিকিৎসা করেন। আপনি হয়ত দেখবেন যে স্থানীয় দাঁতের ডাক্তারের কাছে নাম তালিকাভুক্ত করার জন্য অপেক্ষারতদের তালিকা আছে। এই মুহূর্তে যুক্তরাজ্যে এটি একটি বড় সমস্যা। আপনাকে পরামর্শ দেওয়া হচ্ছে প্রতি ছয় মাস অন্তর দাঁতের ডাক্তারের কাছে যাওয়ার।

*যদি আপনি এর রোগী হন, তাহলেও আপনাকে পরীক্ষা করানোর জন্য সামান্য ফি দিতে হবে। তবে যদি আপনি স্কটল্যাণ্ডে বাস করেন তাহলে দাঁতের পরীক্ষা বিনামূল্যে করানো যাবে।

চোখের ডাক্তার

চোখের ডাক্তারের কাছে আপনি চোখ পরীক্ষা* করাতে পারেন এবং তাঁরা সুপারিশ করা চশমা এবং কনট্যাক্ট লেন্স সরবরাহ করতে পারেন। আপনার চোখের ডাক্তারের খরচ মেটাতে আপনি সাহায্যও পেতে পারেন। আরও বিস্তারিত তথ্যের জন্য চোখের ডাক্তারের সঙ্গে কথা বলুন।

*যদি আপনি স্কটল্যাণ্ডে বসবাস করেন তাহলে দাঁতের পরীক্ষা বিনামূল্যে করানো যাবে।

টিকাকরণ

যুক্তরাজ্যে হাম, মাম্পস্ এবং যক্ষ্মার মত বিপজ্জনক রোগ প্রতিষেধক টিকা বাচ্চা এবং শিশুদের বিনামূল্যে দেওয়া হয়। এই প্রতিষেধক টিকা ইঞ্জেকশনের মাধ্যমে দেওয়া হয় যাকে ভ্যাকসিন্ বলে এবং যা শরীরকে সংক্রামক রোগের বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করে। আরও তথ্যের জন্য আপনার হেলথ ভিজিটর অথবা ডাক্তারের সার্জারি'কে অনুরোধ করুন।

যৌন স্বাস্থ্য

যৌন সংগমের সময় গর্ভনিরোধক ব্যবস্থা ব্যবহার করা গুরুত্বপূর্ণ। কণ্ডোম ব্যবহারের ফলে যৌন সংগমের মাধ্যমে পরিবাহিত রোগ এবং সংক্রমণ প্রতিরোধ করা যায় এবং এর ফলে অবাঞ্ছিত গর্ভধারণ এড়িয়ে চলা যায়। অধিকাংশ জি.পি. পরিবার পরিকল্পনা ক্লিনিক্ এবং হেলথ ভিজিটরের কাছে কণ্ডোম বিনামূল্যে পাওয়া যায়। আপনি অনেক সুপারমার্কেট এবং ফার্মেসীতেও এগুলি কিনতে পাবেন।

যদি আপনি গোপনে বিকল্প ব্যবস্থা সম্পর্কে জানতে চান, তাহলে আপনার ডাক্তারের ক্লিনিক এ অথবা যৌন স্বাস্থ্য বিষয়ক ক্লিনিক্ এ অথবা NHS ডাইরেক্ট'কে 0845 4647 নম্বরে টেলিফোন করে সাক্ষাৎকারের ব্যবস্থা করতে পারেন*।

এছাড়াও আপনি আপনার জি.পি. অথবা যৌন স্বাস্থ্যের ক্লিনিক্ থেকে জরুরি ভিত্তিতে গর্ভনিরোধক পাবেন। একে কখনও কখনও পরদিন সকালের বড়ি' বলে উল্লেখ করা হয়। এটি শুধু গর্ভধারণ প্রতিরোধ করতে ব্যবহৃত হয়। এটি আপনাকে যৌন সংগমের মাধ্যমে পরিবাহিত রোগ অথবা সংক্রমণ থেকে রক্ষা করে না। যদি আপনি মনে করেন যে যৌন সংগমের মাধ্যমে পরিবাহিত রোগ অথবা সংক্রমণের দ্বারা আক্রান্ত হয়েছেন, তাহলে অবশ্যই অবিলম্বে পরীক্ষা করাবেন। আপনি যৌন স্বাস্থ্য ক্লিনিক্ এ, যা কখনও কখনও জেনিটর-ইউরিনারি ক্লিনিক্ নামেও পরিচিত, সাক্ষাৎকারের জন্য অনুরোধ করতে পারেন। এই সেবাটি বিনামূল্যে এবং তথ্য গোপন রেখে দেওয়া হয় এবং কার্যকরী পরামর্শ পাওয়া যেতে পারে।

*যদি আপনি স্কটল্যাণ্ডে বসবাস করেন, তাহলে NHS 24-কে 08454 242424 নম্বরে টেলিফোন করতে পারেন।

ধূমপান

ধূমপানের সঙ্গে সম্পর্কযুক্ত অনেক চিকিৎসা সংক্রান্ত সমস্যা আছে। এই অভ্যাসটি কতটা ক্ষতি করতে পারে অনেকেই সে বিষয়ে জানেন না। যখন আপনি ধূমপান শুরু করেন তখন ছোটখাট অসুখে ভোগার সম্ভাবনা এবং গুরুতর অসুস্থতার সম্ভাবনা বেড়ে যায়।

NHS ধূমপান পরিত্যাগের জন্য সাহায্য ও পরামর্শ দেয়। আরও তথ্যের জন্য আপনার জি.পি'কে অনুরোধ করুন।



পরিবহণ

এক-নজরে

নিম্নলিখিত তথ্যের সাহায্যে আপনি যুক্তরাজ্য অর্থাৎ ইউ.কে'তে পরিবহণ ব্যবস্থার সামগ্রিক প্রতিচ্ছবি এবং পাবলিক হাইওয়ে'তে গাড়ি চালানো বিষয়ে কতগুলি সাধারণ নির্দেশ পাবেন।

সঠিক নথিপত্র সঙ্গে না নিয়ে যুক্তরাজ্যে মোটর গাড়ি রাস্তায় বার করা বেআইনি। এই নথিপত্রের অন্তর্ভুক্ত হল বর্তমানে বৈধ গাড়ি চালানোর লাইসেন্স, একটি বৈধ MOT সার্টিফিকেট, একটি ভিহিকল ট্যাক্স ডিস্ক এবং গাড়ির বিমা যার বিস্তারিত নিচে দেওয়া হয়েছে।

যুক্তরাজ্যে মোটর গাড়ি চালাতে হলে আপনাকে ন্যূনতম বয়সসীমার শর্তগুলি মেনে চলতে হবে।

গাড়ির ধরন	ন্যূনতম বয়স
গাড়ি এবং মোটর সাইকেল	17 বছর
মাঝারি আকৃতির গাড়ি	18 বছর
বড় লরি এবং বাস	21 বছর

গাড়ি চালানোর লাইসেন্স / আন্তর্জাতিক লাইসেন্স

যদি আপনি ইউরোপিয়ান ইকনমিক এরিয়া'র অন্তর্ভুক্ত কোনো দেশ থেকে আসেন, তাহলে আপনাকে নিম্নলিখিত লাইসেন্স ব্যবহার করতে দেওয়া হবে:

- **সাধারণ ন্যাশনাল ড্রাইভিং লাইসেন্স / কমিউনিটি লাইসেন্স**: অধিবাসী হওয়ার পরে যুক্তরাজ্যে 3 বছর পর্যন্ত গাড়ি চালাতে পারবেন।
- **ভোকেশনাল লাইসেন্স***: অধিবাসী হওয়ার পরে যুক্তরাজ্যে 5 বছর পর্যন্ত গাড়ি চালাতে পারবেন।

যখন এই মেয়াদকাল শেষ হবে তখন আপনাকে গ্রেট ব্রিটেন এর গাড়ি চালানোর লাইসেন্স পেতে হবে।

*যদি আপনার ভোকেশনাল লাইসেন্স থাকে এবং যুক্তরাজ্যে গাড়ি চালানো শেখেন, তাহলে আপনি অবশ্যই:

- এমন ব্যক্তির তত্ত্বাবধানে থাকবেন যাঁর বয়স 21 বছরের বেশি এবং যাঁর কমপক্ষে 3 বছর গ্রেট ব্রিটেনে গাড়ি চালকের বৈধ লাইসেন্স আছে।
- আপনি যে গাড়ি চালাচ্ছেন তার সামনে এবং পিছনে লাল রঙের 'L' লেখা প্লেট প্রদর্শন করবেন। এর ফলে অন্যান্য গাড়ি চালকেরা সচেতন হবেন যে আপনি গাড়ি চালানো শিখছেন।

- মোটরওয়ে'তে গাড়ি চালাবেন না।
- আপনার গাড়ির পিছনে কোনো ধরনের ট্রেলার টেনে নিয়ে আসবেন না।

যদি আপনাকে অনুরোধ করা হয় তাহলে আপনি অবশ্যই পুলিশ অফিসারকে আপনার ড্রাইভিং লাইসেন্স এবং গাড়ির নথিপত্র দেখাবেন। যদি সঙ্গে সঙ্গে এটা করা সম্ভব না হয়, তাহলে আপনি 7 দিনের মধ্যে অবশ্যই থানায় এইসব নথিপত্র নিয়ে আসবেন। এটা করতে ব্যর্থ হলে তা অপরাধ হিসেবে গণ্য হবে।

MOT

যদি আপনার গাড়ির বয়স 3 বছর অথবা তার বেশি হয়, তাহলে সেটি MOT সার্টিফিকেট এর জন্য পরীক্ষা করাতে হবে। যদি গাড়ির এই সার্টিফিকেট না থাকে, তাহলে সেই গাড়ি রাস্তায় চালানো বেআইনি। অনুগ্রহ করে গাড়ি কেনার সময় এই সার্টিফিকেট আছে কি না সে সম্পর্কে নিশ্চিত হোন। আপনি অবশ্যই প্রতি 12 মাস অন্তর MOT সার্টিফিকেট পুনর্নবীকরণ করবেন।

কীভাবে MOT সার্টিফিকেট পাওয়া যাবে

আপনার গাড়িটিকে একটি স্থানীয় গ্যারাজে নিয়ে যান যেখানে MOT পরীক্ষা করা হয়। তাঁরা পরীক্ষা করে দেখে জানাবেন যে গাড়িটি রাস্তায় বার করার উপযুক্ত কি না।

বিমা

যুক্তরাজ্য অর্থাৎ ইউ.কে'তে বিমা ছাড়া গাড়ি চালানো, গাড়িতে ভ্রমণ করা, এমনকী রাস্তায় গাড়ি রাখাও বেআইনি।

গাড়ির বিমার জন্য আবেদন করার সময় নিশ্চিত হোন যে আপনি যে তথ্যগুলি দিচ্ছেন তা সঠিক। যদি তা না হয় তাহলে বিমাটি অবৈধ হবে। বিমার জন্য আবেদন করার সময় এবং বিমা দাবি করার সময় জেনেশুনে মিথ্যা তথ্য দেওয়া অপরাধ।

যদি বেশ কয়েকবার কোনো দুর্ঘটনা না ঘটিয়েই গাড়ি চালিয়ে থাকেন, তাহলে কোনো কোনো বিমা কোম্পানি আপনাকে ছাড় দেবে। তাঁরা অন্য দেশের এই ঘটনার প্রমাণপত্রও গ্রহণ করবে যদি সেই প্রমাণ ইংরেজিতে অনূদিত হয়।

রোড ট্যাক্স

ব্যবহৃত যেকোনো গাড়ি অথবা যে গাড়িকে জনসাধারণের ব্যবহার্য রাস্তায় রাখার অনুমতি দেওয়া হয়েছে সেই গাড়ির সামনের উইণ্ডস্ক্রিন এ বর্তমানে বৈধ ট্যাক্স ডিস্ক (গাড়ির লাইসেন্স) প্রদর্শন করতে হবে।

কীভাবে ট্যাক্স ডিস্ক পাবেন

ট্যাক্স ডিস্ক এর জন্য আবেদন করতে হলে আপনাকে স্থানীয় ডাকঘরে পাওয়া যায় এমন একটি ফর্ম ভর্তি করতে হবে। আপনাকে নিম্নলিখিত নথি দেখাতে হতে পারে:
- গাড়ির বিমা সার্টিফিকেট
- গাড়ির MOT সার্টিফিকেট

অন্য একটি গাড়ির জন্য নিবন্ধীকৃত ট্যাক্স ডিস্ক ব্যবহার করা বেআইনি।

রাস্তার আইন

গাড়ি চালানোর সময় আপনি যে কয়েকটি প্রাথমিক বিধির কথা মনে রাখবেন সেগুলি হল:
- আপনার গাড়িটি রাস্তায় বেরোনোর উপযুক্ত এবং সেটি চালানো/চড়া নিরাপদ এবং সেটি MOT পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে।
- রাস্তার বাঁদিক ধরে গাড়ি চালাবেন।
- আপনার গাড়ির বৈধ ট্যাক্স ডিস্ক থাকতে হবে।
- সিটবেল্ট না পড়া বেআইনি।
- নিশ্চিত করুন যাতে আপনার গাড়ির সব যাত্রী সিটবেল্ট বাঁধেন।
- 135 সে.মি. উচ্চতা অথবা 12 বছর বয়স পর্যন্ত শিশুদের (যেটাই প্রথমে ঘটবে) উপযুক্ত শিশু নিরাপত্তা আসনে বসাতে হবে।
- নিশ্চিত হোন যে গাড়ি চালানোর উপযুক্ত শারীরিক পটুতা আপনার আছে। মদ অথবা মাদকদ্রব্যের নেশায় আচ্ছন্ন থেকে গাড়ি চালানো বেআইনি।

- যুক্তরাজ্যে গাড়ির গতির সীমান ঘণ্টাপ্রতি মাইল (MPH) এর ভিত্তিতে হিসাব করা হয়। আপনি স্পিডোমিটার এ সঠিক গতি পড়ে দেখছেন কি না সে বিষয়ে নিশ্চিত হোন।
- যুক্তরাজ্যে জাতীয় স্তরে গাড়ির গতির সীমা হল একটি গাড়ি যেতে পারে এমন রাস্তায় 60 মাইল প্রতি ঘণ্টা এবং দুটি গাড়ি যেতে পারে এমন রাস্তায় 70 মাইল প্রতি ঘণ্টা।
- অন্যান্য নানা ধরনের গতির সীমা চালু আছে। অনুগ্রহ করে নিশ্চিত করুন যে গাড়ি চালানোর সময় আপনি ওই বিষয়গুলি সম্পর্কে সচেতন আছেন।
- গাড়ি চালানোর সময় মোবাইল ফোন ব্যবহার করা বেআইনি।
- মোটর সাইকেল চালক এবং যাত্রীদের সুরক্ষাদানকারী শিরস্ত্রাণ অর্থাৎ হেলমেট পরা আইনত বাধ্যতামূলক।
- যদি আপনি কোনো দুর্ঘটনায় পড়েন, তাহলে অবশ্যই থামবেন এবং যদি কেউ আহত হয় অথবা কোনো ক্ষতি হয় তাহলে আপনি অবশ্যই পুলিশকে সে বিষয়ে জানাবেন।

বাস পরিষেবা

যুক্তরাজ্যে বিভিন্ন বাস কোম্পানি আছে এবং তারা সকলে নিজেদের ভাড়া স্থির করে। ভ্রমণের সময় সর্বদা বাস চালককে আপনার ভাড়া দিতে পারবেন। কখনও কখনও বাস কোম্পানি বিশেষ টিকিট বিক্রি করে যা একাধিক ভ্রমণের জন্য বৈধ থাকে। যদি আপনি নিয়মিত বাসে ভ্রমণ করার পরিকল্পনা করেন, তাহলে একটি ট্র্যাভেল কার্ড কিনলে সাশ্রয় হতে পারে। একটি বাস কোম্পানি থেকে কেনা টিকিট অন্যান্য বাস কোম্পানির ক্ষেত্রে বৈধ হবে না যদি না কোনো বিশেষ ব্যবস্থা থাকে। আপনার স্থানীয় বাস অপারেটর কর্তৃক প্রকাশিত সময়সূচিতে এটি দেখানো থাকবে।

বাসে ওঠার সময় আপনার ভাড়া মেটানোর জন্য প্রয়োজনীয় সঠিক পরিমাণ অর্থ সঙ্গে থাকলে ভালো হয় কারণ কখনও কখনও গাড়ি চালকের কাছে প্রয়োজনীয় খুচরা অর্থ থাকে না এবং এর ফলে পরিষেবায় দেরি হতে পারে।

ট্রেন

অনেক বেসরকারি কোম্পানি যুক্তরাজ্যের রেল নেটওয়ার্ক চালায়। আপনি স্টেশনে, টেলিফোন করে অথবা অনলাইন এ রেলের টিকিট কিনতে পারেন। সব কোম্পানির ট্রেনে এই টিকিট চলবে (শুধু বিশেষ পরিষেবার টিকিট ছাড়া), আপনি যে পথেই ভ্রমণ করুন না কেন।

যদি আপনি লণ্ডনে যাওয়ার পরিকল্পনা করেন তাহলে অফিসের ভিড়ের সময় বাদ দিয়ে অন্য সময়ে যাওয়াই ভালো। ব্যস্ত সময়ে (সকাল 10টার আগে এবং বিকাল 5টা - সন্ধ্যা 9টা পর্যন্ত) টিকিটের দাম বেশি হতে পারে। আপনার টিকিট অগ্রিম সংরক্ষণ করে নিলে ভালো হয়।

ট্রেনের সময়সূচি জানতে, টিকিট সংরক্ষণ করতে অথবা অন্য কোনো জিজ্ঞাস্য থাকলে আপনি ইণ্টারনেট এ www.nationalrail.com ওয়েবসাইট এ আসতে পারেন অথবা ন্যাশনাল রেল এনক্যুয়ারিজ্‌ এ 08457 484950 নম্বরে টেলিফোন করতে পারেন।

ট্যাক্সি

বড় শহরে অনেক ট্যাক্সি স্ট্যাণ্ড পাওয়া যাবে। বিকল্পস্বরূপ, আপনি একটি স্থানীয় বেসরকারি ট্যাক্সি'কে টেলিফোন করে পূর্বনির্ধারিত কোনো স্থান থেকে আপনাকে তুলে নেওয়ার জন্য অনুরোধ করতে পারেন অথবা ভ্রমণের জন্য ট্যাক্সিটি সংরক্ষণ করতে পারেন। যেকোনো ভ্রমণের ক্ষেত্রেই ট্যাক্সি'র মিটারে প্রমিত ভাড়া ওঠে। যদি ট্যাক্সি সংরক্ষণ করে থাকেন, তাহলে মিটারের ভাড়া পরিবর্তে নির্দিষ্ট ভাড়ার ব্যবস্থা করতে পারেন।

সবসময় নিশ্চিত হয়ে নেবেন যে আপনি একটি লাইসেন্সপ্রাপ্ত ট্যাক্সি ব্যবহার করছেন। আইনানুসারে, লাইসেন্স আছে এমন ট্যাক্সিচালকদের তাঁদের গাড়িতে পরিচয়পত্র (সাম্প্রতিক ছবিসহ) প্রদর্শন করতে হয়।

যুক্তরাজ্যের আইন

ছুরি

ছুরি এমন একটি অস্ত্র যার অপব্যবহারে গুরুতর আঘাতপ্রাপ্ত হওয়ার সম্ভাবনা আছে। সুতরাং ধারালো দিকটি 7.62 সে.মি'র বেশি এমন একটি ছুরি ব্যক্তিগতভাবে সঙ্গে রাখা বেআইনি। যদি কোনো সর্বসাধারণের ব্যবহার্য এলাকায় আপনার সঙ্গে ছুরি থাকে, তাহলে আপনাকে গ্রেপ্তার করা হতে পারে।

অনেক কাজেই কর্মস্থলে ছুরির প্রয়োজন হয়। এটা অবশ্যই আপনার কর্মনিযুক্তির অঙ্গ হিসেবে গ্রহণযোগ্য হবে।

ধারালো ব্লেড আছে এমন সরঞ্জাম, যেমন ক্ষুর এবং ছুরি কেনার সময় আপনার বয়স অবশ্যই 18 বছরের বেশি হতে হবে।

মাদকদ্রব্য

যুক্তরাজ্য অর্থাৎ ইউ.কে'তে একটি আইন আছে যার সাহায্যে মাদকদ্রব্যের ব্যবহারের উপর নিয়ন্ত্রণ রাখা হয়।

সাধারণত, আপনার সঙ্গে যে ওষুধ রাখতে দেওয়া হয় সেগুলি হল শুধু ডাক্তারের সুপারিশকৃত ওষুধ অথবা যা ফার্মেসীতে কিনতে পাওয়া যায়।

তবে যুক্তরাজ্যে তামাক, মদ এবং দ্রব বস্তুকেও (গ্যাস, আঠা এবং এয়ারোসল) মাদক শ্রেণীভুক্ত করা হয়। এইসব সামগ্রীর বিক্রিকে নিয়ন্ত্রণ করার জন্য পৃথক আইন আছে। এই সব সামগ্রী কিনতে হলে আপনাকে প্রমাণ করতে হবে যে আপনার বয়স নির্ধারিত বয়সের* থেকে বেশি। নিচে বয়স সংক্রান্ত বিধিনিষেধ দেখানো হল:

মাদকদ্রব্যের ধরন	ন্যূনতম বয়স
তামাক	18 বছর (উত্তর আয়ারল্যাণ্ড: 16 বছর)
মদ	18 বছর
দ্রব সামগ্রী	18 বছর (স্কটল্যাণ্ড: 16 বছর)

যুক্তরাজ্যে ক্যানাবিস্ সঙ্গে রাখা বেআইনি।

*বয়সের প্রমাণ হিসেবে গাড়ি চালকের লাইসেন্স অথবা পাসপোর্ট দেখান।

মদ

যুক্তরাজ্যে মদ কেনার আইনসম্মত বয়স হল 18। মদ কেনার সময় অথবা পাব অথবা ক্লাব এ প্রবেশের সময় যদি আপনাকে বয়সের প্রমাণ দেখাতে বলা হয়, তাহলে অসন্তুষ্ট হবেন না। আপনার পাসপোর্ট অথবা গাড়ি চালকের লাইসেন্স পরিচয়পত্র হিসেবে গ্রহণযোগ্য হবে।

মদ্যপানের সময় অনুগ্রহ করে কাণ্ডজ্ঞান বজায় রাখুন এবং উপভোগ করুন!

মনে রাখবেন:
- জনসাধারণের ব্যবহার্য স্থানে মদ্যপান এবং উচ্ছৃঙ্খল আচরণ করা অপরাধ। আপনাকে গ্রেপ্তার করা হতে পারে এবং জরিমানা হতে পারে।
- যদি মদ্যপানের সঙ্গে সম্পর্কযুক্ত অপরাধমূলক আচরণের জন্য আপনি বছরে তিনবার দোষী সাব্যস্ত হন, তাহলে তিন বছরের জন্য আপনার মদ কেনা নিষিদ্ধ করা হতে পারে।

যদি আপনি মদ্যাপানজনিত সমস্যায় ভোগেন, তাহলে আপনি সাহায্যের জন্য যেতে পারেন এমন স্থান আছে। যদি আপনি ডাক্তারের সঙ্গে কথা বলেন, তাহলে আপনি সঠিক পথনির্দেশ পাবেন। ন্যাশনাল অ্যালকোহলিকস্ অ্যানোনিমাস্ হেল্পলাইন এর সাহায্য পাওয়া যায় 0845 769 7555 নম্বরে টেলিফোন করে। আপনি অতিরিক্ত মদ্যাপানজনিত সমস্যা সামলানোর জন্য গোপন সাহায্য এবং পরামর্শ পেতে পারেন।

সাধারণ আচরণ বিধি

যুক্তরাজ্যের পুলিশের ক্ষমতা আছে ভয় দেখানো, উচ্ছৃঙ্খল অথবা অপমানজনক আচরণের জন্য কোনো ব্যক্তিকে গ্রেপ্তার করার। যদি দেখা যায় যে আপনি অন্য কোনো ব্যক্তির বিরুদ্ধে হিংসাত্মক অথবা ভীতি প্রদর্শনকারী আচরণ করছেন, তা আপনি নিজে অথবা দলবদ্ধভাবে যেমনই থাকুন না কেন, আপনাকে শাস্তি দেওয়া হবে।

সাধারণ আচরণ বিধি সম্পর্কিত অপরাধগুলির মধ্যে আছে:
- দাঙ্গা করা
- হিংসাত্মক উচ্ছৃঙ্খল আচরণ করা
- নেশাগ্রস্ত এবং উচ্ছৃঙ্খল হয়ে পড়া
- অপরাধমূলক ক্ষতি ঘটানো
- পুলিশের কাজে বাধা দেওয়া
- সঙ্গে এমন অস্ত্র রাখা যা অপরাধ বলে গণ্য হয়

অসামাজিক আচরণ বিধি

যদি দেখা যায় যে আপনি অসামাজিক আচরণ করছেন, তাহলে আপনার বিরুদ্ধে অসামাজিক আচরণ সম্পর্কিত আদেশ জারি করা হতে পারে। 10 বছর বয়স হলেই কারো বিরুদ্ধে অসামাজিক আচরণের আদেশ জারি করা হতে পারে। যে আচরণ সম্প্রদায়ের অন্যদের পক্ষে হয়রানি, ভীতি অথবা যন্ত্রণার কারণ হয়, তাই অসামাজিক বলে ধরা হয় এবং এর মধ্যে আছে:
- গালিগালাজ এবং ভীতি প্রদর্শনকারী ভাষা ব্যবহার
- আওয়াজ করে অপরকে বিরক্ত করা
- যেখানে সেখানে আবর্জনা ফেলা
- জনসমক্ষে নেশাগ্রস্তের মত আচরণ
- মাদকদ্রব্য আদানপ্রদান
- আইনসম্মত বয়স হওয়ার আগেই ধূমপান / মদ্যপান
- গাড়ির মালিকের অমতে মোটর গাড়িতে চড়ে প্রমোদভ্রমণ
- গণিকাবৃত্তি
- গণিকাপল্লীতে গাড়ি নিয়ে শ্লথগতিতে ভ্রমণ
- দেওয়ালচিত্র আঁকা এবং অন্যান্য ধ্বংসাত্মক ক্রিয়াকলাপ

- ভিখারিবৃত্তি
- শারীরিক আক্রমণ
- গাড়ির সঙ্গে সম্পর্কযুক্ত অপরাধ
- জাতিবিদ্বেষমূলক গালিগালাজ

ঘৃণা উদ্ভূত অপরাধ

ঘৃণা উদ্ভূত অপরাধ একটি গুরুতর অপরাধ যা কোনো ব্যক্তির লিঙ্গ, জাতি, ধর্ম, বর্ণ, জাতিগোষ্ঠী, প্রতিবন্ধকতা অথবা যৌন অভিমুখীনতার প্রতি ঘৃণাবশত কোনো ব্যক্তি অথবা সম্পত্তির বিরুদ্ধে ঘটে।

যারা ঘৃণা উদ্ভূত অপরাধে অংশ নেয়, তাদের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করা যায় যার ফল নিম্নলিখিতগুলি হতে পারে:
- জেলে যাওয়ার আদেশ
- উচ্ছেদ
- জরিমানা
- অসামাজিক আচরণ সম্পর্কিত আদেশ জারি

যদি আপনি ঘৃণা উদ্ভূত অপরাধের শিকার হন – তাহলে সে সম্পর্কে জানান। পুলিশ, স্কুল এবং স্থানীয় কর্তৃপক্ষের কর্তব্য হল আপনাকে সুরক্ষিত রাখা এবং সমর্থন করা।

পারিবারিক নিপীড়ন

পরিবারে অথবা আত্মীয়দের মধ্যে হিংসাত্মক আচরণের কোনো ঘটনা ঘটলে তা পারিবারিক নিপীড়ন হিসেবে পরিচিত হয়। যদি আপনার নিকটাত্মীয় কেউ মানসিক অথবা শারীরিকভাবে আপনার ক্ষতি করার চেষ্টা করে, তাহলে অবিলম্বে সে বিষয়ে জানান। আপনি ডাক্তার, পুলিশ অথবা হেলথ ভিজিটর এর সঙ্গে গোপনে বিষয়টি নিয়ে আলোচনা করতে পারবেন। এঁরা সবাই আপনাকে সাহায্য করতে পারবেন এবং সুরক্ষিত রাখতে পারবেন।

জরুরি অবস্থায় আপনার উচিত 999 নম্বরে টেলিফোন করে পুলিশকে জানানো। পুলিশ এবং আদালত পারিবারিক নিপীড়নকে গুরুত্ব দিয়ে বিচার করে।

ন্যাশনাল ডোমেস্টিক ভায়োলেন্স হেল্পলাইন 0808 2000 247 নম্বরে পারিবারিক নিপীড়ন সম্পর্কে 24 ঘণ্টাব্যাপী গোপনীয় সাহায্য এবং পরামর্শ দেয়।

যদি আপনার বিরুদ্ধে অপরাধের মামলা দায়ের করা হয়

যদি আপনি কোনো শাস্তিযোগ্য অপরাধ করে থাকেন তাহলে অবশ্যই পুলিশের সঙ্গে যোগাযোগ করবেন। যদি চান, তাহলে আপনি একজন আইনজীবির সঙ্গে যোগাযোগ করতে পারেন যিনি আপনার সঙ্গে থানায় যাবেন।

যদি আপনাকে কোনো অপরাধমূলক ঘটনা ঘটানোর সন্দেহে গ্রেপ্তার করা হয়, তাহলে মনে রাখবেন:
- শান্ত থাকবেন।
- যদি জিজ্ঞাসা করা হয় তাহলে আপনার সঠিক নাম ও ঠিকানা জানাবেন।
- আক্রমণাত্মক হবেন না।
- গ্রেপ্তারকারী পুলিশ অফিসারদের ঘুষ দেওয়ার চেষ্টা করবেন না।
- আপনার সলিসিটর অথবা উকিলের পরামর্শ না নিয়ে কোনো বিবৃতিতে স্বাক্ষর করবেন না। থানায় সব সময় প্রয়োজনে একজন সলিসিটরের সাহায্য পাওয়া যাবে।

যদি আপনাকে গ্রেপ্তার করা হয় অথবা প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য আটকে রাখা হয়, তাহলে আপনি বিনামূল্যে একটি টেলিফোন কল করতে পারবেন। আপনাকে নিরপেক্ষ এবং স্বাধীন আইনি পরামর্শ দেওয়া হবে এবং আপনার অধিকারগুলি ব্যাখ্যা করা হবে।

ব্যক্তিগত নিরাপত্তা

এক-নজরে

যুক্তরাজ্য একটি অপেক্ষাকৃত নিরাপদ স্থান। তবে আপনার ব্যক্তিগত নিরাপত্তা এবং আপনার সম্পত্তির সুরক্ষা নিশ্চিত করার জন্য সতর্কতা অবলম্বন করার পরামর্শ দেওয়া হয়।

অগ্নি নিরাপত্তা

আপনার গৃহে বেশ কতগুলি সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া উচিত যাতে অগ্নিকাণ্ড প্রতিরোধ করা যায় এবং যদি এমন কোনো ঘটনা ঘটে তাহলে যাতে তার প্রভাব কম হয়। যেমন:

- **ধূম্র সতর্কীকরণ ব্যবস্থা বসান:** অবশ্যই নিয়মিত ব্যাটারিগুলি পরীক্ষা করে দেখবেন।
- **আগুন লাগলে কোন্ পথে বাইরে আসবেন তার পরিকল্পনা করে রাখুন এবং জেনে রাখুন যে জরুরি পরিস্থিতিতে কী করতে হবে।** যদি আগুল লাগে তাহলে যেন আপনার পরিবারের সকলে তাঁদের করণীয় সম্পর্কে সচেতন থাকেন।
- **হিটার, মোমবাতি এবং সিগারেট সম্পর্কে সতর্ক থাকুন।**
- **বৈদ্যুতিক কারণে অগ্নিকাণ্ডের ঝুঁকি কমান:** অ্যাডাপ্টারে অনেকগুলি প্লাগ গুঁজে দিয়ে চাপের সৃষ্টি করবেন না, বৈদ্যুতিক সরঞ্জামগুলিকে একজন যোগ্য ইলেকট্রিশিয়ানকে দিয়ে পরীক্ষা করান এবং সেগুলি ব্যবহার না হলে প্লাগ খুলে রাখুন।
- **বাড়ির বিমা করান:** অনেক বিমার ব্যবস্থা আছে। আপনার প্রয়োজনের পক্ষে যেটি উপযুক্ত সেটি বেছে নিন।

যদি আপনি ভাড়া বাড়িতে থাকেন, তাহলে নিশ্চিত করুন যাতে স্বাস্থ্য এবং নিরাপত্তা সম্পর্কিত আইনি শর্তগুলি মেনে চলা হয়। আপনার স্থানীয় কাউন্সিলের কাছে এই সম্পর্কিত নির্দেশিকা পাওয়া যাবে।

ক্রেডিট কার্ড

ক্রেডিট কার্ড ব্যবহারের সময় সতর্ক থাকবেন। আপনার ক্রেডিট কার্ড ব্যবহারের সময় যেসব বিষয় বিবেচনা করবেন তার কতগুলি এখানে বলা হল:

- যেসব মাশুল প্রযোজ্য হবে আপনি সেগুলি সম্পর্কে নিশ্চিতভাবে জেনে নেবেন।
- যদি ক্রেডিট কার্ডের বিল মেটাতে না পারেন, তাহলে সহজেই ঋণের ফাঁদে পড়ার সম্ভাবনা আছে।
- ক্রেডিট কার্ড ব্যবহার করে নগদ অর্থ তুলবেন না কারণ যতদিন পর্যন্ত না সেই অর্থ ফেরত দেবেন, ততদিন আপনার কাছে অতিরিক্ত মাশুল আদায় করা হবে।
- একটি ডাইরেক্ট ডেবিট ব্যবস্থা চালু করুন যাতে সর্বদা প্রতি মাসে ন্যূনতম দেয় অর্থ পরিশোধ করে দেওয়া যায়, তবে পারলে আরও বেশি শোধ করে দেওয়ার চেষ্টা করুন।
- দোকানে 'স্টোর ক্রেডিট কার্ড' নিয়ে গেলে সতর্ক থাকবেন। আপনি তার APR* নিশ্চিতভাবে পরীক্ষা করে দেখবেন। দোকানে অনেক সময়েই আপনাকে বিশেষ সুযোগ দিয়ে একটি কার্ড গ্রহণ করার প্রলোভন দেখানো হবে।

*APR = Annual Percentage Rate of charge (বার্ষিক মাশুলের শতকরা হার অর্থাৎ অ্যানুয়াল পার্সেণ্টেজ রেট অব গ্রোথ)

পরিচয় চুরি

যুক্তরাজ্যে পরিচয় চুরির ঘটনা ক্রমশই বেড়ে চলেছে। আপনার ব্যক্তিগত তথ্য এবং আপনার ব্যাঙ্কের তথ্য চুরি করে কোনো ব্যক্তি আপনার অর্থ ব্যবহার করে বেআইনিভাবে ক্রেডিট কার্ডের জন্য আবেদন করতে পারে অথবা কেনাকাটা করতে পারে। ATM ব্যবহার করার সময় এবং ইণ্টারনেট এ ফর্ম ভরার সময় সতর্ক থাকা গুরুত্বপূর্ণ।

ATM

ATM এ ক্রেডিট অথবা ডেবিট কার্ড ব্যবহার করার সময় কয়েকটি বিষয় মনে রাখা গুরুত্বপূর্ণ যাতে অন্য কেউ আপনার সম্পর্কিত তথ্য নকল করে নিতে না পারে এবং আপনার কার্ডটি চুরি করতে অথবা সেটি ব্যবহার করতে না পারে:

- যদি ক্রেডিট কার্ড হারান অথবা হারিয়েছেন বলে মনে করেন, তাহলে সঙ্গে সঙ্গে ব্যাঙ্ককে জানান। তাঁরা অন্য কারো দ্বারা ওই কার্ডটির ব্যবহার বন্ধ করতে পারবেন। যদি সঙ্গে সঙ্গে না জানান তাহলে কোনো কোনো ব্যাঙ্ক মাশুল দাবি করতে পারে।
- আপনার পিন (PIN) নম্বরটি লুকিয়ে রাখুন। যখন কোনো যন্ত্রে আপনার PIN নম্বরটি টাইপ করার প্রয়োজন হবে, তখন কাজটি আড়ালে করবেন।
- ATM ব্যবহার করার সময় আপনার চারপাশের পরিস্থিতি সম্পর্কে সচেতন থাকুন।

ইণ্টারনেট এ নিরাপত্তা

ইণ্টারনেট এর মাধ্যমে আপনার ব্যক্তিগত তথ্য দেওয়ার সময় সতর্ক থাকুন। এটা গুরুত্বপূর্ণ যাতে আপনি:

- নিশ্চিত হন যে ওয়েবসাইট'টি আপনি ব্যবহার করছেন সেটি বিশ্বাসযোগ্য এবং তাদের শর্তাবলী পড়ে জেনে নিন যে তারা কীভাবে আপনার সম্পর্কিত বিস্তারিত তথ্য ব্যবহার করবেন।
- আপনার ব্রাউজার উইণ্ডোর নিচে একটি তালার প্রতীক চিহ্ন আছে কি না দেখুন। এটি প্রমাণ করে যে সাইট'টি সুরক্ষিত। ওয়েব ঠিকানাও 'https:' দিয়ে শুরু হওয়া উচিত।
- কখনও ই-মেল এর মাধ্যমে আপনার ব্যাঙ্কের তথ্য পাঠাবেন না।

মনে রাখবেন:

সবসময় রসিদ এবং ব্যাঙ্কের বিস্তারিত তথ্য সুরক্ষিত রাখবেন এবং যখন সেই তথ্যের প্রয়োজন ফুরিয়ে যাবে, তখন তা ছিঁড়ে ফেলুন, কুচিকুচি করুন অথবা নিরাপদে পুড়িয়ে ফেলুন। এর ফলে আপনার আবর্জনার মধ্যে অনুসন্ধান করলেও কেউ এই তথ্য পেতে পারবে না।

মোবাইল ফোন

দামি মোবাইল ফোন চোরকে প্রলোভিত করে। মোবাইল ফোন চোরদের লক্ষ হওয়ার থেকে দূরে থাকার জন্য আপনি অনেকগুলি সতর্কতা অবলম্বন করতে পারেন:

- আপনার ফোনটি লুকিয়ে রাখুন। শুধু বাধ্য হলেই সেটি ব্যবহার করুন।
- রাতে জনসাধারণের মধ্যে সেটি ব্যবহার করা থেকে বিরত থাকুন কারণ এর ফলে সহজেই আপনি চোরেদের দৃষ্টি আকর্ষণ করবেন।
- আপনার গলার সঙ্গে অথবা বেল্ট এর সঙ্গে সেটিকে আটকে রাখবেন না।
- যদি জনসাধারণের মধ্যে ফোনটি ব্যবহার করেন, তাহলে আপনার চারপাশে কী ঘটছে সে বিষয়ে সতর্ক থাকুন।
- সেটি এমন কোনো স্থানে রাখবেন না যেখানে কেউ খুব সহজে সেটি চুরি করতে পারে।
- আপনার ফোন এর নির্মাতা ও মডেল এবং হ্যাণ্ডসেট এর অনন্য শনাক্তকরণ নম্বরটি (IMEI নম্বর) লিখে রাখুন। এই নম্বরটি ব্যাটারির পিছনে অথবা আপনার ফোনে *#06# ডায়াল করে পাওয়া যেতে পারে। যদি আপনার ফোনটি চুরি হয়, তাহলে আপনি পরিষেবা প্রদানকারীকে এই তথ্যগুলি দিতে পারেন এবং অন্য কেউ যাতে ফোনটি ব্যবহার করতে না পারে, তাঁরা সেই ব্যবস্থা করতে পারবেন।
- যদি আপনার মোবাইল ফোনটির ক্ষতি হয়, সেটি হারিয়ে যায় অথবা চুরি যায়, তাহলে আপনি ফোনের বিমা করিয়ে রাখতে পারেন। সব শর্তগুলি পড়ে দেখুন।

মনে রাখবেন:

যদি আপনার ফোন চুরি হয়, তাহলে আপনি অবশ্যই পুলিশকে জানাবেন।

গাড়ির নিরাপত্তা

যখন গাড়ি ব্যবহার করছেন না তখন আপনার গাড়িটি নিরাপদে রাখতে আপনি অনেকগুলি সতর্কতা অবলম্বন করতে পারেন।

গাড়ির নিরাপত্তা

- সবসময় গাড়ির দরজা তালাবন্ধ করুন এবং জানলাগুলি বন্ধ করে দিন।
- এমন কিছু প্রদর্শন করবেন না যা চোরদের আকর্ষণ করতে পারে যেমন সিডি প্লেয়ার, ব্যাগ অথবা জ্যাকেট।
- আপনার গাড়ি সংক্রান্ত নথিপত্র গাড়িতে রাখবেন না; সেগুলি গৃহে একটি নিরাপদ স্থানে রাখুন।

বাইসাইকেল এর নিরাপত্তা

- সবসময় চেন এবং তালা অথবা সাইকেলের জন্য তৈরি একটি বিশেষ তালা ব্যবহার করে সাইকেলটিকে সুরক্ষিত করুন।
- সব অপসারণযোগ্য সামগ্রী আপনার সঙ্গে রাখুন যেমন আপনার হেলমেট।
- সাইকেলের মডেল এবং নির্মাণকারক সংস্থার নাম লিখে রাখুন। আপনার বাইসাইকেল এ আপনার পোস্টকোড লিখতে আলট্রাভায়োলেট মার্কার ব্যবহার করুন। এই কলমগুলি দামী নয় এবং এগুলি অধিকাংশ হার্ডওয়্যার এর দোকানে পাওয়া যায়।
- পুলিশের কাছ থেকে 'রেকর্ডেড সাইকেল ফর্ম' চেয়ে নিন। সেটা ভর্তি করার পরে আপনার নাম এবং আপনার সাইকেল একটি জাতীয় তথ্যভাণ্ডারের অন্তরভুক্ত হবে এবং যদি আপনার সাইকেলটি পাওয়া যায়, তাহলে তাড়াতাড়ি তার সঙ্গে আপনার যোগসূত্র পাওয়া যাবে।

গৃহের নিরাপত্তা

আপনার গৃহের নিরাপত্তা নিশ্চিত করতে হলে প্রধান যে কাজটি করতে হবে তাহল বাড়িটি সঠিকভাবে তালাবন্ধ করে রাখা। পরীক্ষা করে দেখুন আপনার সব জানলা এবং দরজাগুলি সুরক্ষিতভাবে বন্ধ করা যায় কি না। যদি আপনি ভাড়া বাড়িতে বাস করেন, তাহলে আপনার বাড়িটি নিরাপদ এবং সুরক্ষিত রাখার আইনি দায়িত্ব আপনার বাড়ির মালিকের। আপনি নিতে পারেন এমন আরও কতগুলি সতর্কীকরণ ব্যবস্থার কথা এখানে বলা হল:

- চুরির বিরুদ্ধে বিমা করান। আপনার গৃহ সুরক্ষিত করার বিষয়ে বিমা কোম্পানির সঙ্গে কথা বলুন। এতে অর্থব্যয় হবে কিন্তু আপনার গৃহে কোনো ঘটনা ঘটলে এটি খুব কার্যকরী হবে। আপনি প্রযোজ্য শর্তাবলী অবশ্যই মন দিয়ে পড়বেন।
- যদি কয়েক দিনের জন্য বাড়ি ছেড়ে যান, তাহলে আপনার প্রতিবেশী অথবা কোনো বন্ধুকে বাড়ির ওপর নজর রাখতে বলুন।
- আপনার বাড়ির ভিতরে একটি সতর্কীকরণ ব্যবস্থা বসান।
- যদি আপনি আপনার নিজস্ব সামগ্রীগুলিতে আলট্রাভায়োলেট কলমের সাহায্যে আপনার পোস্টকোড লিখে রাখেন, তাহলে পুলিশের পক্ষে সেই সব জিনিস ফিরে পাওয়ার সুবিধা হবে।
- যদি মাত্র কয়েক মুহূর্তের জন্যও বাড়ি ছেড়ে যান, তাহলে তালাবন্ধ করে যেতে ভুলবেন না।

জরুরি নম্বর

জরুরি পরিস্থিতিতে যেকোনো ল্যাণ্ডলাইন অথবা মোবাইল ফোন থেকে আপন বিনামূল্যে দুটি নম্বরে টেলিফোন করতে পারেন। এই নম্বরগুলি আপনার স্থানীয় জরুরি পরিষেবার সঙ্গে আপনার যোগাযোগ করিয়ে দেবে যেমন, পুলিশ, অ্যাম্বুলেন্স এবং দমকল পরিষেবা। যখন আপনি টেলিফোন করবেন তখন আপনাকে জিজ্ঞাসা করা হবে যে আপনার কোন্ পরিষেবার প্রয়োজন, আপনার নাম কী, কী ঘটেছে এবং আপনি যে টেলিফোনটি ব্যবহার করছেন তার নম্বর কত। আপনি এই কল এর সময় একজন অনুবাদকের সহায়তা চাইতে পারেন।

999 ডায়াল করা

এটি যুক্তরাজ্যের জাতীয় জরুরি নম্বর। খুব গুরুতর জরুরি পরিস্থিতিতেই কেবল এই নম্বরটি ব্যবহার করবেন। উদাহরণস্বরূপ যদি:

- কারো জীবনহানির আশঙ্কা থাকে।
- কেউ খুব গুরুতররূপে আহত হন।
- আপনার সন্দেহ হয় যে কোনো গুরুতর অপরাধমূলক ঘটনা ঘটেছে।

112 ডায়াল করা

এই নম্বরটি ইউরোপিয়ান ইউনিয়নের জন্য একটি জরুরি টেলিফোন নম্বর। এক্ষেত্রেও খুব গুরুতর জরুরি পরিস্থিতিতেই আপনি এই নম্বরটি ব্যবহার করবেন।

আপনি ইউরোপিয়ান ইউনিয়নের যেখানেই থাকুন না কেন 112 ডায়াল করতে পারেন এবং আপনাকে সেই দেশের জরুরি পরিষেবার সঙ্গে যোগাযোগ করিয়ে দেওয়া হবে।

মনে রাখবেন:

সব 999 এবং 112 কল রেকর্ড করা হয় এবং যদি আপনি ধোঁকা দেওয়ার উদ্দেশ্যে জরুরি কল করে থাকেন, তাহলে আপনি আইন ভঙ্গ করছেন।